শ্রীল-নরহরি-সরকার-ঠকুর-শ্রিন্নভিভ্রন্ শ্রীকৃষ্ণভূতিনা মৃত্য

St. O' Calentes

শ্রীশ্রীরপার্যদপ্রবর-শ্রীমারহারি-সরকার-ঠকুর-বিরাচিত্তম্

वीक्रस्ड ७ जना ग्राच्य

SOOK DEP!
Sri Gauchiya Math
P. O. Baghbazar.
Calcutta

প্রতিশব্দাহ্রয়-বঙ্গান্তবাদ-সহিত্য্

'গোড়ীয়'পত্র-সম্পাদকেন শ্রীস্থন্দরশনন্দ-বিত্তাবিনোদেন প্রকাশিতম্।

শ্ৰীন্ত্ৰীল-আচাৰ্য্য-আবিৰ্ভাব-তিথি

গৌরান্দ ৪৫৬, ২০ হ্যবীকেশ বঙ্গান্দ ১৩৪৯, ২৯ ভাদ্র খৃষ্টান্দ ১৯৪২, ১৫ সেপ্টেম্বর

প্রাপ্তিস্থান-

শ্রীযোগপীঠ-শ্রীমন্দির, পোঃ শ্রীমায়াপুর (নদীয়া)
মঞ্ষা প্রিন্টিং ওয়ার্ক স্, পোঃ ওয়ারী, ঢাকা।

মুদ্রাকর—শ্রীরামকৃষ্ণ পাল মঞ্জুষা প্রিন্টিং ওয়ার্ক্স, ঢাকা

সর্বস্থিত সংরক্ষিত]

()

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

প্রকাশকের নিবেদন

প্রীপ্রিক্ষচৈতন্ত-প্রেমকল্পবৃক্ষের 'মহাশাখা' ও তদীয় অন্তরঙ্গশক্তি শ্রীপ্রীল নরহরি সরকারঠাকুর মহাশয় প্রীপ্রজলীলায় প্রীবৃষভাত্মনন্দিনীর 'শ্রীমধুমতী প্রাণসখী' বলিয়া খ্যাত। প্রীগোরহরি প্রীরাধার ভাবকান্তি অঙ্গীকার করিয়া আপামরে স্বভজন বিতরণ করেন। প্রীল সরকারঠাকুর মহাশয় প্রীপ্রীগোর-নিত্যানন্দের অপ্রকটলীলাবিষ্ণারের পর সেই স্বভজন-বিভজন-প্রয়োজনাবতারীর প্রদত্ত বিমল-ভজন বহির্মুখ-লোক কলুষিত করিবার চেষ্টা করিবে এবং তন্দারা ভক্তগণ উদ্বিগ্ধ ও কুতার্কিকগণের বিতপ্তার দ্বারা কেহ কেহ সন্দিশ্বচিত্ত হইবেন, জানিয়া প্রীগোরস্থনরের আদেশে সর্ব্যান্ত্র-বিচারিত অতিনির্মাল স্থগভীর ভক্তিসিদ্ধান্তামৃতে পরিপূর্ণ প্রীকৃষ্ণভজনামৃত'-গ্রন্থ রচনা করেন।

বর্ত্তমানযুগে শুদ্ধভক্তিপ্রবাহ-পুনঃপ্রকটনের মূল-পুরুষ শ্রীগৌরনিজ-জন ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল সচ্চিদানন্দ ভক্তিবিনোদ ঠাকুর উক্ত 'শ্রীভজনামৃত'-গ্রন্থ তৎসম্পাদিত 'শ্রীসজ্জনতোষণী' পত্রিকায় ১৩০৫ বঙ্গান্দে (১০ম বর্ষের ১০ম সংখ্যা হইতে ১১শ বর্ষের ৪র্থ সংখ্যা পর্য্যন্ত) তদ্রচিত 'আস্বাদ-বিস্তারিণী' ভাষাটীকার সহিত সর্ব্বপ্রথমে মুদ্রাযন্ত্রের সাহায্যে সজ্জন-সমাজে প্রচার করেন। ইহার চারি বৎসর পরে অর্থাৎ ১৩০৯ বঙ্গান্দে শ্রীপাট-শ্রীখণ্ডের 'শ্রীরঘুনন্দন-সমিতি' হইতে বঙ্গভাষায় অনূদিত হইয়া

উক্ত গ্রন্থ প্রকাশিত হয়। উভয় সংস্করণই বর্ত্তমানে ছ্প্রাপ্য হইয়াছে। বর্ত্তমান শ্রীগোড়ীয়সম্প্রদায়ৈক-সংরক্ষক শ্রীবৈষ্ণবসমাজ-মুকুটমণি আচার্য্য-বর্ষ্য ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল ভক্তিপ্রসাদ পুরী গোস্বামি-ঠাকুরের অহৈতুকী ক্রপায় জগতের ভীষণতম ছদিনের মধ্যেও 'শ্রীকৃষ্ণভজনামৃত'-গ্রন্থের একটি অভিনব সংস্করণ প্রকাশিত হইল।

শ্রীশাল ভক্তিবিনাদ ঠাকুরের প্রচারিত 'শ্রীভজনামৃত'-গ্রন্থের সহিত্ শ্রীপাট-শ্রীথণ্ড হইতে প্রকাশিত মুদ্রিত-গ্রন্থ, তথা দক্ষিণখণ্ডের শ্রীযুক্ত সত্যানন্দ ঠাকুরমহাশয়ের নিকটে অবস্থিত প্রাচীন হস্তলিখিত পুঁথি, শ্রীব্রজমণ্ডল হইতে প্রাপ্ত-লিপি ও ঢাকা বিশ্ববিচ্চালয়ের পুঁথির (নং ২৪৪৫) পাঠ মিলাইয়া পাদটীকায় ও পরিশিষ্টে পাঠান্তরের নির্দ্দেশপূর্ব্বক বর্ত্তমান সংস্করণটি মুদ্রিত হইয়াছে। এই গ্রন্থ-মুদ্রণ-কালে কোন দৈব-কারণবশতঃ ঐ-সকল পাঠ এক-সঙ্গে মিলাইবার স্থযোগ হয় নাই; পরে শ্রীব্রজমণ্ডলের লিপি ও ঢাকা বিশ্ববিচ্চালয়ের পুঁথির সন্ধান ও তন্মধ্যে যে-সকল পাঠভেদ পাওয়া গিয়াছে, তাহাই পরিশিষ্টে সংযুক্ত হইল।

শ্রীখণ্ডে অনুসন্ধান করিয়া 'শ্রীকৃষ্ণভজনামৃতে'র কোন প্রাচীন পুঁথি পাওয়া যায় নাই। যে পুঁথিটী হইতে শ্রীখণ্ডের মুদ্রিত সংস্করণ প্রকাশিত হইয়াছিল, তাহাও বর্ত্তমানে স্থানান্তরিত হইয়াছে। দক্ষিণখণ্ডের পুঁথির সহিত শ্রীখণ্ডের মুদ্রিত সংস্করণের পাঠ প্রায় একরূপ। শুনিতে পাওয়া যায়, দক্ষিণখণ্ডের নিকটবর্ত্তী উখ্রা ও গাঁদ্রা গ্রামে 'শ্রীকৃষ্ণভজনামৃতে'র হস্তলিখিত প্রাচীন পুঁথি এক-সময় ছিল; কিন্তু, তথায় অনুসন্ধান করিয়া বর্ত্তমানে কোন পুঁথি পাওয়া যায় নাই।

'শ্রীরুষ্ণভজনামৃত' অতীব প্রাণম্পর্শী স্থললিত পত্ন ও স্থকোমল গতে রচিত। এই সংস্করণে শ্লোকসমূহের প্রতিশব্দান্বয় ও সমগ্র মূলের আক্ষরিক বঙ্গাত্মবাদ প্রদত্ত হইয়াছে। শ্রীশ্রীল ঠাকুর ভক্তিবিনোদের 'আস্বাদ- বিস্তারিণী' ভাষাটীকাটী মূলের তাৎপর্যান্থবাদের সহিত প্রীল সরকারঠাকুরের সিদ্ধান্তের বিস্তৃতি ও পরিস্কৃতি-বিশেষ। উক্ত ভাষাটীকা মুদ্রিত
হইলে অমুবাদের পুনকক্তি ও গ্রন্থ-কলেবর-বৃদ্ধি হইবে, আশন্ধা করিয়া
তাহা বর্ত্তমান সংস্করণের সহিত সংযুক্ত হয় নাই। প্রীপ্রীল ঠাকুর ভক্তিবিনোদ তাঁহার ভাষাটীকার উপসংহারে 'প্রীকৃষ্ণভঙ্গনামৃত'-গ্রন্থের যে,
সংক্ষিপ্ত তাৎপর্য্য লিপিবদ্ধ করিয়াছেন, তাহা স্থা পাঠকগণের আস্বাদনের
জন্ম নিম্নে উদ্ধৃত হইল,—

"শ্রীমন্মহাপ্রভু স্বয়ং প্রকট হইয়া স্বীয় জনগণের সঙ্গে 'শিক্ষাষ্টক'-আদি-দারা শুদ্ধভক্তি প্রচার করিয়া জগতে তাহা বিস্তার করিয়াছিলেন। তাঁহার অপ্রকটে সেই অপূর্ব্ব শুদ্ধর্ম প্রাকৃত ব্যক্তিগণ-দারা দূষিত হইয়া অন্তাকারে প্রচারিত হইতে লাগিল। শ্রীল সরকারঠাকুর শ্রীমন্মহাপ্রভুর পর্ম অন্তর্ক ভক্ত। সেই ঘটনায় ছঃখ-প্রাপ্ত হইয়া এই 'ভজনামৃত'-গ্রন্থ প্রভুর আদেশক্রমে রচনা করেন। তাঁহার ভজন-শিক্ষা এই যে, শ্রীমন্মহাপ্রভু স্বীয়-শুদ্ধসন্ত্রময় চরিত্রের দারা এবং 'শিক্ষাষ্টক'-দারা যে শ্রীহরিনামের ভজনপ্রণালী জগৎকে দিয়াছেন, তাহাই জীবের (বিশেষতঃ কলিজীবের) একমাত্র ভজন। সাধুগুরুর আশ্রয়পূর্বক সাধুসঙ্গে নিরপরাধে সেই নামরস ভজন করিবে। সেই ভজনের ক্রম 'শ্রীশিক্ষাষ্টকে' ও 'শ্রীউপদেশামৃতা'-দিতে নিদিষ্ট আছে। ভজন-সাধনসময়ে যেরূপ সাধুবৃত্তি অবলম্বন করিবার বিধি আছে, তাহা স্পষ্টরূপে এই গ্রন্থে বলিয়াছেন। স্বনিষ্ঠ, পরিনিষ্ঠিত ও নিরপেক্ষ—এই তিন অবস্থা-ক্রমে অধিকারানুসারে ভজনদারা উন্নতি হয়। অপরাধ-ত্যাগের জন্ম সাধুসঙ্গ-(গ্রহণ) এবং অন্সঙ্গত্যাগ যেরূপে করিতে হইবে, তাহা স্পষ্ট দেখাইলেন। নামভজনে ক্লফের নাম, রূপ, গুণ ও চরিতগত রসের আশ্রয় নির্দেশ করিয়াছেন। অবতার অপ্রকট হইলে যে-সকল বঞ্চনা জগতে উদিত

হইবে, তাহাতে সাধকের নিশ্চয় পতন হইবে। সেই সকল বঞ্চনা হইতে ভজন-প্রয়াসীর সতর্ক হওয়াও ভজনাঙ্গ; তাহা বিশেষ করিয়া বিলয়াছেন। 'শ্রীশিক্ষাষ্টকা'-মৃতে যাহা কিছু বাকী ছিল বা অস্ফুট ছিল, তাহা এই অমৃতে স্পষ্ট করিয়া দিয়াছেন। স্নতরাং, এই 'ভজনামৃত'- গ্রন্থানি ভজন-প্রয়াসিগণের কণ্ঠহার-স্বরূপ।"

এই গ্রন্থ-সম্পাদন-কালে অধ্যাপকবর শ্রীপাদ নন্দলাল বিভাসাগর কাব্যতীর্থ বি-এ, অধ্যাপকবর শ্রীপাদ যত্বরদাস ভক্তিশাস্ত্রী এম্-এ, বি-এল্ ও পণ্ডিতবর শ্রীপাদ রাধাগোবিন্দদাস কাব্যপুরাণ-রাগতীর্থ-প্রমুখ পণ্ডিতবর্গ নানাভাবে সেবা করিয়াছেন।

শ্রীনে বাস্থানের-ঘোষ ঠাকুরের তিরোভাব-তিথি ১৭ দামোদর, ৪৫৬ শ্রীগোরান্দ ২৪ কার্ত্তিক, ১৩৪৯ বঙ্গান্দ ১০ নভেম্বর, ১৯৪২ খুপ্তান্দ

শ্রীপ্রকৃবৈষ্ণব-ক্লপাকণা-প্রার্থী শ্রীস্থন্দরানন্দ্রদাস বিভাবিনোদ

বিষয়-সূচী

6

বিষয়	পত্রাক
মঙ্গলাচরণ [শ্রীকৃষ্ণচৈতগ্রদেব ও শ্রীশুকদেবের বন্দনা]	5
শ্রশ্রীগোর-নিত্যানন্দের লীলা-সংগোপনে বৈষ্ণবজগতের অবস্থা;	
শীমনাহাপ্রভুর কপাশক্তিদারা গ্রন্থকারকর্তৃক সিদ্ধান্ত-বর্ণন	2
গ্রন্থকারের দৈন্যোক্তি; শ্রীগৌরক্ষশক্তিই ভক্তিসিদ্ধান্ত-	
স্থাপনের মূল; 'প্রীকৃষ্ণভজনামৃত'-রচনে শ্রীগৌরচন্দ্রের	
প্রেরণা-লাভ; স্বপ্নসমাধিভঙ্গে গ্রন্থকারের খেদোক্তি;	
'ভজনামৃত'-রচনকারণ ; মহাজনের প্রতি নয়োক্তি · · ·	9-9
পূর্ব্বপক্ষ ঃ—	
বৈষ্ণববর্গের প্রতি কিরূপ ব্যবহার কর্ত্তব্য ? শ্রীকৃষ্ণ স্বয়ং	
ভগবান্। এীবলদেব কি তাঁহার অংশবিগ্রহ? ব্হনা,	
বিষ্ণু, শিব ও অপর দেবতাগণের তত্ত্ব কি এবং তাঁহাদের	
প্রতি কিরূপ বিচারে, কি ভাবে পূজা কর্ত্তব্য ? লক্ষ্মীদেবীর	
প্রতি বৈষ্ণবগণের কিরূপ আচরণ বিধেয় ? আছাশক্তি	
কে ? রুক্মিণী, লক্ষ্মী ও জানকার তত্ত্ব কি ? শ্রীরাধা ও	
অন্সকান্তাগণের ভেদ কি ?	b-5
সিদ্ধান্ত ঃ—	
বৈষ্ণবের বলাবল-বিচার; বলাবল-বিচারহীনের গতি;	20-22
বৈষ্ণবনিন্দা-নিষেধ; বৈষ্ণবাজ্ঞা-পালন-কর্ত্তব্যতা; বৈষ্ণবাচারে	
কলিবিম্ন ; বৈষ্ণবমাত্রের পূজাই অজ্ঞের প্রতি বিধি	22-20

বিষয়		পত্রান্থ
দীক্ষাগুরু, শিক্ষাগুরু ও অপর বৈষ্ণবের প্রতি নিষ্ঠা-বিচার	•••	\$8-\$0
অসদ্গুরু-বর্জনে শাস্ত্র-প্রমাণ	•••	56
গুরুনিরূপণ-সিদ্ধান্ত	•••	39
শ্রীকৃষ্ণের স্বরাট্-লীলাপুরুষোত্তমত্ব; স্ষ্টিবিষয়ে আতা শা	ক্তর	
কার্য্য ; তদ্বিষয়ে পুরাণমত	•••	76-79
মহামহেশ্বর শ্রীকৃষ্ণের বিশ্ব-স্ষ্ট্যাদিতে নিরপেক্ষতা	•••	20-23
শ্রীকৃষণভিন্ন শ্রীবলদেবের শ্রীকৃষ্ণদাস্থ ও শ্রীরাধাকৃপা-প্রার্থন		22
শ্রীক্ষকের একান্ত ভক্তের লক্ষ্মীর প্রতি ব্যবহার	•••	২৩
শ্রীঅনস্ত ও শ্রীলক্ষীর বৈভবাবতার-নিরূপণ	18.4	28-20
স্বয়ংরূপ শ্রীক্লফের স্বয়ংরূপা—শ্রীরাধার আতা-শক্তিত্ব		२०-२७
পুরুষাবতারগণের মূল শ্রীকৃষ্ণ এবং শক্তি-অবতারগণের	মূল	
শ্রীরাধা; গোরীর গোকুলে জন্মলাভ-কারণ		२ १
শ্রীরাধাকৃষ্ণ-লীলারহস্থের অচিস্তাত্ব; শ্রীরাধা হইতে লক্ষ্মীর	্যূন ত ।	२४
শ্রীকৃষ্ণ ও পুরুষাবতারগণ এবং শ্রীরাধা ও দেবীগণের পাথ	ক্য	25
শীরাধা ও শীক্ষের সমতা ; ঐশ্বর্য্যমৃত্তিতে শীলক্ষী এবং		
মাধুর্য্যমৃত্তিতে জীরাধা জীক্ষের নিত্যপ্রেয়সী; জীরাধার		
লীলার সর্বোত্তমতা-বর্ণন		
শ্রীমত্দ্ধবের শ্রীরাধামাহাত্ম্য-কীর্ত্তন ···	0.	७३
শ্রীনারদের শ্রীরাধা-মাহাত্ম্যোপলব্ধি •••	, H (2)	00

বিষয়	পত্ৰাঙ্ক
শ্রীক্ষাের রাধাধ্যানে মূচ্ছা	98
শ্রীরাধানাম-মহিমা · · ·	90
শ্রীকৃষ্ণের শ্রীরাধা-বিরহ ··· ··	96
শ্রীগৌরচন্দ্র-কর্তৃক শ্রীরাধার রহস্থলীলাদি সংগোপনে রক্ষণ;	
শ্রীচৈতন্ত কর্তৃকও শ্রীগদাধরতত্ত্ব-গোপন · · · ·	99-9b
শ্রীগদাধরপণ্ডিত-তত্ত্ব-নির্ণয় · · ·	95-85
শ্রীচৈতন্ত্য-নিত্যানন্দের অন্তর্ধানে জগতের হুর্গতি · · ·	85
চারি-প্রকার ভক্তভেদ ; কর্মাধর্মপর বৈষ্ণবের কার্য্য ···	82-88
পক্ষোগীর আচরণ	80
অপক্ষোগীর চরিত্র ও পরিণাম · · · ·	84-89
কপট্নী বৈষ্ণববেশধারিগণের আচরণ ও পরিণাম	86
প্রীতিপ্রেমই প্রীচৈত্তভাবতারোপলিরির উপায়	85
গোর-নিজজনগণের নিত্যকালই শ্রীকৃষ্ণনাম-প্রেম-বিতরণ-লীলা	00
মহান্তগণের নির্হৈতুকী পরহঃখহঃথিতা · · ·	. 45
ত্রীগোরাবতারের অপ্রকাশেও গৌরজনদঙ্গেই প্রীতি করণীয়া	65
শ্রীহরিপ্রীতি ও শ্রীমদ্বৈষ্ণবপ্রীতিই একমাত্র বাঞ্ছনীয়া · · ·	(9)
সপার্ষদ শ্রীগোরস্থলরে ও সগণ শ্রীকৃষ্ণে প্রীতিপ্রার্থনা · · ·	18-11

জয়তি জয়তি দেবঃ ক্লফটেতন্যচন্দ্রে।
জয়তি জয়তি কীর্দ্তিস্তত্ম নিত্যা পবিত্রা।
জয়তি জয়তি ভৃত্যস্তত্ম বিশেশমূর্দ্তেজয়তি জয়তি নৃত্যং তত্ম সর্ব্বপ্রিয়াণাম্॥

শ্রীশ্রীগুরুগোরাঙ্গৌ জয়তঃ

বর্ণাত্তকমে শ্লোক-সূচী

(প্রথম ও তৃতীয় চরণ)

[শ্লোকের পার্শ্ববর্তী সংখ্যাদ্বয়ের মধ্যে প্রথমটি শ্লোকসংখ্যা এবং দ্বিতীয়টি পত্রাঙ্ক]

		1	
অকশানিদ্রিতঃ স্বপ্নে	518	কৃষ্ণভক্তিবিচারেংশ্মিন্	1814
অন্তান্তন্ত্যায়িন্তো	२०१२१	গুণময্যঃ স্ত্রিয়ঃ সর্কাঃ	२२।२२
অরুণাস্ভোজচরণে	98168	গুণসংখ্যে বহুস্থানে	२৮।७७
অবতারে কলাবস্মিন্	७।२	গুরোরপ্যবলিপ্তস্থ	. १४।१७७
আত্মনি প্রীতিরাস্তাং	৩৬।৫৪	জগজন্যাং জগদীশ	> > । २०
আত্মানং তুৰ্গতং শোচ্যং	2516	জগদ্ধনং ক্বম্ব এব	७७।६७
আশ্রিতে প্রীতিরাস্তাং	०७।८८	ত্তত উত্থায় শয্যায়া	25/6
উৎপথপ্রতিপন্নশু	३४।३७	তে তে তহচ্ছিষ্ট-	5019
এতাঃ পরং তমুভূতো	२८।८२	তেনৈব কারুণ্যবলেন	3818
এতে চাংশকলাঃ	२२ शृः	তেষাং প্রভোর্ধ্যানবলাৎ	८। २
এবমেব यषु वौिष	2218	দাসো নরহরিম্রিঃ	910
কথং কুৰ্য্যাদিতি	910	ন তুঃখং মরণেহপি	३७। ३२
করোষি ফল্পপ্যুক	०५१६८	न प्राप्ता देवस्वद	59150
কর্মাচারবিশুদ্ধা বা	59150	न निन्तां देवश्वदं कार्या।	३७ ।३२
কৃষ্ণতৈত্যচন্দ্রেণ	७।२	নায়ং প্রিয়োহঙ্গ উ	२५१२४

নির্গুণঃ সগুণো-	b 8	রাসোৎসবেহস্ত	२)।२४
পরার্থ এব সাধূনাং	२२।६५	ৰন্দে শ্ৰীকৃষ্ণচৈতগ্ৰং	515
পুরুষেষু যথা ক্লম্ণঃ	20129	বাঞ্জি যদ্ভবভিয়ো	२८।७२
পূর্বাপক্ষমহস্রাণি	615	বিষ্যা গছেন চ	3818
পূর্ব্বপক্ষাংশ্চ সিদ্ধান্তান্	5 8	বিশ্বং পায়ান্মস্থ্ণ-	26108
প্রবক্ষ্যামি সমাসেন	७।२	বিহরন্তং কৃষ্ণপ্রেম-	512
প্রায়ঃ সন্দিগ্ধহৃদয়াঃ	812	বৈষ্ণবে প্রীতিরাস্তাং	00108
প্রীতিঃ প্রার্থ্যা সতামগ্রে	७२।६७	শাখাসহস্রং বেদে	७५।८२
প্রীতিরারোপণীয়া	७२।৫७	শুকদেবং নমস্তামি	512
প্রীত্যৈ প্রমহংসানাং	७।२	শ্রেম্বামের্ ভিনিত্যং	00185
প্রেমপ্রীতিস্ততোহপ্যগ্র্যা	००।००	यदेण्यग्रमयः कृष्णः	29100
ভবদ্বিধা মহাভাগা	00/25	সৎফলং প্রীতিরেবাস্থ	७५।६२
ভবিষ্যন্তি সদোদ্বিগ্নাঃ	815	সময়েহস্মিন্ গৌরচক্রঃ	2018
गतावाकाग्रजः त्थिम	08 68	সর্কাবতার-কারুণ্য-	212
মেনে ধন্তমিবাত্মানং	2016	সর্বেশ্বো হি যঃ	२७।७৫
যে যে মহান্তঃ কিল	5019	সার্কভৌমকরালম্বী	5518
রত্বছায়াছুরিত-	२०।७८	সেবায়াং প্রীতিরাস্তাং	00/08
রাধা চ নিগুণময়ী	२०।००	স্থা চ মহদৈশ্ব্যং	
রাধা তু নিগুণা	२२।२२	স্বত্য পরত্যথানি	2016
রাধেতি কিমিদং			२३।६५
রাধেতি মোহনং	30106	হা হা নিক্ষরণা রাধা	२४।७७
भारता ० दमारबर	39106	হদি প্রসন্নতা জাতা	2018

সাঙ্কেতিক চিহ্নসমূহ

তঃ—প্রতিশব্দারয়; তারুঃ—বঙ্গান্তবাদ; তঃ—শ্রীল-ভক্তিবিনোদ-সম্পাদিত সংস্করণের (পুস্তকের) পাঠ; শ্রীঃ—শ্রীখণ্ডের পুঁ থির পাঠ।

প্রীক্ষণ্ডজনামৃতম্

বন্দে শ্রীক্লটেতভাং প্রাণসর্ব স্বনীশ্বর্ম।
সর্ব বিতারকারুণ্যনিঃসীমকরুণং প্রভুম্ ॥ ১॥
শুকদেবং নমস্তামি ভক্তিশাখিত-মহাফলম্।
বিহরন্তং ক্লপ্রেমরসসিন্ধে জড়ং মুনিম্॥ ২॥

অহায়—১। [আমার] প্রাণসর্বস্বম্ (জীবনের একমাত্র ধন) ঈশ্বরং (ঈশ্বর) সর্বাবতারকারুণ্যনিঃসীমকরুণং (মংস্রাদি সকল অবতারের করুণা অপেক্ষাও অসীম করুণাবিশিষ্ট) প্রভুং (মহাপ্রভু) শ্রীকৃষ্ণচৈতন্তং (শ্রীকৃষ্ণচৈতন্তকে) বন্দে (বন্দনা করি)।

অঃ—২। ভক্তিশাখিমহাফলং (ভক্তিবৃক্ষের মহাফলস্বরূপ) কৃষ্ণ-প্রেমরসসিন্ধৌ (শ্রীকৃষ্ণপ্রেমরস-সমৃদ্রে) বিহরন্তং (নিত্য-বিহারশীল) জড়ং (বাহ্নজানহীন) মুনিং (মুনি) ভকদেবং (শ্রীশুকপ্রভুকে) নমস্থামি (প্রণাম করি)।

অনুবাদ—১। [আমার] জীবনসর্বস্থ, পরমেশ্বর, সকল অবতারের দয়া অপেক্ষাও অসীম করুণাবিশিষ্ট, মহাপ্রভু শ্রীকৃষ্ণচৈত্মকে বন্দনা করি।

⁽১) এী প্রীরাধাকৃষণভাগে নমঃ (ভঃ); (২) স্বাবতারকরণানিঃ দীম-করণ-প্রভুম্। (এঃ);

⁽৩) ভক্তিশাখা(ভঃ);

⁽৪) কৃষ্ণরসপ্রেমসিকো (শ্রীঃ)

কৃষ্ণতৈতভাতন্দ্রেণ নিত্যানন্দেন সংস্কতে ।

অবতারে কলাবন্মিন্ বৈষ্ণবাঃ সর্ব এব হি॥ ৩॥
ভবিশ্বন্তি সদোদিগ্নাঃ কালে কালে দিনে দিনে।
প্রায়ঃ সন্দিগ্ধন্ধদয়া উত্তমেতরমধ্যমাঃ॥ ৪॥
পূর্বপক্ষসহস্রাণি করিশ্বন্তি জনে জনে।
তেষাং প্রভোধ গানবলাৎ সিদ্ধান্তানতিনির্ম্বলান্॥ ৫॥
প্রক্র্যামি সমাসেন ব্যাসেন চ মহাত্মনাম্।
প্রীত্যৈ পরমহংসানাং সর্বশাস্ত্রবিচারিতান্॥ ৬॥

স্থান ত-৪। অন্মন্ (এই) কলৌ (কলিযুগে) ক্ষাচৈতগ্যচন্দ্রেণ (গ্রীগোরস্থলর) নিত্যানন্দেন (ও শ্রীনিত্যানলপ্রভু) অবতারে (পৃথিবী হইতে অবতরণলীলা বা প্রকটাবস্থা) সংহতে (সংহরণ করিলে), উত্তমেতরমধ্যমাঃ (উত্তম, অধম ও মধ্যম) সর্বে (সকল) বৈষ্ণবাঃ এব হি (বৈষ্ণবই) সদা (নিরস্তর) উদ্বিগ্নাঃ (চিন্তাগ্রস্ত), দিনে দিনে কালে কালে (প্রতিদিনে প্রতিক্ষণে) প্রায়ঃ (প্রায়ই) সন্দিগ্রহদয়াঃ (সন্দেহে আকুলচিত্ত) ভবিশ্বন্তি (হইবেন)।

ত্রঃ—ে । [অতএব, তাঁহারা] জনে জনে (প্রত্যেকের নিকট) পূর্বপক্ষসহস্রাণি (হাজার হাজার তর্কময় প্রশ্ন) করিয়ান্তি (করিবেন)। তেষাং (তাঁহাদের জন্ম) মহাত্মনাং (মহাশয়) পরমহংসানাং (পরমহংসসকলের) প্রীত্যৈ (প্রীতির উদ্দেশ্যে) প্রভোঃ (শ্রীমহাপ্রভুর)

অনুঃ – ২। ভক্তিবৃক্ষের মহাফলস্বরূপ, কৃষ্ণপ্রেম-রস-সমুদ্রে বিহরণশীল, বাছজ্ঞানশৃত্য মুনি শ্রীশুকদেব গোস্বামি-প্রভুকে নমস্বার করি।

⁽১) সংবৃতে (ভঃ), সংহিতে (ত্রীঃ); (২) কৃত্যান্ (ভঃ)।

দাসো নরহরিমূর্খঃ সিদ্ধান্তানভিত্নজরান্। কথং কুর্য্যাদিভি মুষা বিভর্কান্ মা কুথা বুধ ॥ ৭॥

[পাদপদ্ম] ধ্যানবলাৎ (ধ্যানের বলে) সর্বশাস্ত্রবিচারিতান্ (সকল শাস্ত্রের অভিপ্রায়-অনুসারে মামাংসিত) অতিনির্দ্রলান্ (অত্যন্ত বিশুদ্ধ) সিদ্ধান্তান্ (সিদ্ধান্তসকল) সমাসেন (সংক্ষেপে) ব্যাসেন চ (ও বিস্তৃতভাবে) প্রক্রামি (বলিব)। (অঃ—৫-৬)

অনুঃ—৩-৪। এই কলিকালে শ্রীকৃষ্ণ চৈত্যাচন্দ্র ও শ্রীনিত্যানন্দপ্রভু (তাঁহাদের) অবতার সম্বরণ করিলে উত্তম, কনিষ্ঠ ও মধ্যম—সকল বৈষ্ণবই সর্বদা উদ্বিগ্ন, প্রত্যহ প্রতিমুহূর্ত্তে প্রায়ই সন্দিশ্বচিত্ত হইবেন।

অনুঃ—৫-৬। (তখন তাঁহারা) প্রত্যেকের নিকট হাজার হাজার পূর্বপক্ষ করিবেন। তাঁহাদের জন্ম মহাত্মা পরম-হংসগণের প্রীত্যর্থ শ্রীশ্রীমহাপ্রভুর (পাদপদ্ম) ধ্যানের বলে সর্বশাস্ত্র-বিচারিত অতিবিশুদ্ধ সিন্ধান্তস্কল সংক্ষেপে ও সবিস্তারে বলিব।

সনুগ্র—৭। হে পণ্ডিতজন! মূর্য নরহরিদাস অতি তুঃসাধ্য সিদ্ধান্তসকল কিরুপে করিতে পারে—এইরূপ বৃথা তর্ক করিবেন না।

⁽১) বিতর্কং (শীঃ, ভঃ);

⁽২) বুধাঃ (ভঃ)

নিগুণিঃ সগুণো বাপি মূর্যঃ পণ্ডিত এব বা।
ক্ষেত্রজিবিচারেহিন্মিন্ কঃ সমর্থোহন্তি ভূতলে॥ ৮॥
অকস্মান্নিজিতঃ স্বপ্নে কথামাম কথামিমাম্।
পূর্বপক্ষাংশ্চ সিদ্ধান্তাংস্তত্রৈব বিমুষাম্যহম্॥ ৯॥
হাদি প্রসন্ধতা জাতা স্থাসিন্ধুমিবালৈতঃ।
সময়েইন্মিন্ গৌরচন্দ্রঃ প্রাপ্তরাসীৎ স্মিতাননঃ॥ ১০॥
সার্বভৌমকরালন্ধী সাধু সাধ্বিতি সন্ধুখে।
এবমেব যদুবীষি, জাগৃহীতি ক্রবন্ যযৌ॥ ১১॥

ত্য তিন), মূর্য: (মূর্য) পণ্ডিতঃ এব বা (অথবা পণ্ডিতই হউন), ভূতলে (পৃথিবীতে) কঃ (কোন্জন) অস্মিন্ (এই) ক্ষণ্ডক্তি-বিচারে (শ্রিক্ষের ভজনবিষয়ের আলোচনায়) সমর্যঃ (সমর্য) অস্তি (আছেন) ? তার তিন । অহম্ (আমি) [একদা] অকস্মাৎ (হঠাৎ) নিদ্রিতঃ (নিদ্রাগ্রন্থ হইয়া) স্বপ্রে (স্বপ্রের আবেশে) ইমাং কথাং (এই পূর্ব্বোক্ত কথাটি) কথয়ামি (বলিতেছি), তত্র এব (সেই স্বপ্রাবেশেই) পূর্বপক্ষান্ (বিরোধী প্রশ্ন) সিদ্ধান্তান্ চ (ও মীমাংসিত তত্ত্তলি) বিম্যামি (বিচার করিতেছি)।

অঃ—১০-১১। অশ্বিন্ সময়ে (এই সময়ে) হৃদি (আমার চিত্ত-মধ্যে) প্রসন্নতা (আত্ম-সন্তোষ) জাতা (জন্মিল), স্থাসিন্ধুম্ (অমৃত-সাগরকে) আশ্রিতঃ ইব (যেন আমি আশ্রয় করিয়াছি), সার্বভৌমকরালম্বী (সার্বভৌম ভট্টাচার্য্যের হস্ত ধারণ করিয়া) শ্বিতাননঃ (ঈষৎ-হাম্মুথে) গৌরচন্দ্রঃ (শ্রীগৌরস্থানর) সাধু সাধু ইতি (সাধু সাধু বলিয়া) সন্মুথে (আমার সন্মুথে) প্রাতঃ আসীৎ (আবিভূত হইলেন) [এবং] যদ্ ব্রবীষি

তত উত্থার শ্ব্যারা প্রাত্বা তচ্চরণামূজম্।
আত্মানং তুর্গতং শোচ্যং ত্যক্ততচ্চরণামূজম্॥ ১২॥
মেনে ধলুমিবাত্মানং প্রভাঃ সকরুণং বচঃ।
স্মৃত্বা চ মহদৈশ্ব্যং ন জানে কিমভূত্তদা॥ ১৩॥

(যাহা বলিতেছ), এবম্ এব (এইরূপই বটে), জাগৃহি (জাগ) ইতি ক্রবন্ (ইহা বলিতে বলিতে) যযৌ (অন্তহিত হইলেন)।

ত্রঃ —১২-১৩। ততঃ (তাহার পর) তচ্চরণামুজং ধ্যাত্বা (তাহার শ্রীচরণকমল চিন্তা করিয়া) শ্যায়াঃ উত্থায় (শ্যা হইতে উঠিয়া) ত্যক্ততচরণামুজম্ আত্মানং (তাহার পদকমল হইতে চ্যুত

অনুঃ—৮। নিগুণ বা গুণবান্, মূর্থ বা পণ্ডিতই হউন—পৃথিবীতে কোন্ ব্যক্তি এই কৃষ্ণভক্তিবিচারে সমর্থ ?

অনুঃ—৯। (একদা) আমি হঠাৎ নিদ্রিত হইয়া স্বপ্নে এই কথা বলিতেছি, সেই স্বপ্নেই পূর্বপক্ষ ও সিদ্ধান্ত-সকল বিচার করিতেছি।

অনুঃ—১০-১১। এই সময়ে (আমার) চিত্তে প্রসন্ধানর ভাবের উদয় হইল, (আমি) যেন স্থাসমুদ্র আশ্রয় করিলাম। শ্রীসার্বভৌম ভট্টাচার্য্যের হস্ত ধারণ করিয়া ঈষদ্ধাস্থা-মুখে শ্রীগোরচন্দ্র "সাধু সাধু" বলিয়া (আমার) সম্মুখে আবিভূতি হইলেন (এবং) "যাহা বলিতেছ, এইরূপই বটে"—ইহা বলিতে বলিতে অন্তর্ধান করিলেন।

⁽১) শ্ব্যায়াং (ভঃ)

তেনৈব কারুণ্যবলেন চিত্তে । বভূব কর্ত্ত্বং রচনং স্থবৃদ্ধিঃ । বিমৃষ্য গভেন চ কোমলেন মূর্থেণ ধন্তাং ভজনামূতং কৃতম্॥ ১৪॥

আপনাকে) হুর্গতং (হু:খে পতিত) শোচ্যং (শোচনীয়) মেনে (মনে করিলাম); [কিন্তু] প্রভােঃ (মহাপ্রভুর) সকরুণং বচঃ (করুণাপূর্ণ বাক্য) মহৎ ঐশ্বর্য়ং চ (ও তাঁহার মহা ঐশ্বরভাব) শ্বৃত্বা (শ্বরণ করিয়া) আত্মানং (আপনাকে) ধ্যুমিব (যেন ধ্যু) মেনে (মনে করিলাম)। তদা (সেই সময়ে) কিম্ (আর কি) অভূৎ (ঘটিল)—ন জানে (জানি না)। (অঃ—১২-১৩)

অঃ—১৪। তেন কারুণ্যবলেন এব (খ্রীগৌরস্থলরের সেই রুপার বলেই) [প্রসকল] রচনং কর্ত্ত্বং (লিপিবদ্ধ করিবার জন্ম) চিত্তে (অন্তরে) স্ববৃদ্ধিঃ বভূব (স্থবৃদ্ধি হইল) চ (এবং) বিমৃষ্য (বিচার-পূর্বক) কোমলেন গতেন (সরল গতভাষায়) মূর্থেণ (মূর্য এই নরহরিদাস কর্তৃক—) ধতাং (প্রশংসনীয়, সাধুজনের মান্ত) ভজনামৃতং (এই 'খ্রীকৃষ্ণভজনামৃত'-নামক গ্রন্থ) কৃত্ম (রচিত হইল)।

অনুঃ—১২-১৩। অনন্তর তাঁহার শ্রীপাদপদ্ম ধ্যান করিয়া শ্যা। হইতে উঠিয়া তাঁহার শ্রীপাদপদ্ম হইতে বিচ্যুত নিজকে তুর্গত ও শোচ্য মনে করিলাম; কিন্তু মহাপ্রভুর করুণাপূর্ণ বাক্য ও মহা-ঐশ্বর্য স্মরণ করিয়া নিজকে যেন ধন্য মনে করিলাম। তখন আর কি ঘটিল—জানি না।

⁽১) চিত্তং (এঃ); (২) স্বৰ্দ্ধ্যা (এঃ)

যে যে মহান্তঃ কিল' হংসভূত।
জগৎপবিত্রীকরণার্থমাগতাঃ।
তে তে ততুচ্ছিপ্টনিষেবিণো মে
কর্ত্ত্বং বিশুদ্ধং বচনং প্রবীণাঃ॥ ১৫॥
অথ পূর্বপক্ষান্ বির্ণোতি—

প্রথমং ভাগবতাস্তান্ পূব পক্ষান্ সমাকর্ণয়ন্ত স্থারো বিমৎসরাঃ।

আঃ—১৫। হংসভূতাঃ (সারগ্রাহী হংসম্বরূপ), জগং-(বিশ্বকে)-পবিত্রীকরণার্থম্ (পবিত্র করিবার নিমিত্ত) আগতাঃ (আবিভূতি) যে যে (যে-সকল) কিল মহান্তঃ (মহাজনবর্গ), তে তে (তাঁহারা সকলে) তহচ্ছিষ্টনিষেবিণো মে (তাঁহাদের ভুক্তশেষ-গ্রহণকারী আমার) বচনং (বাক্য) বিশুদ্ধং কর্ত্তুং (সংশোধন করিতে) প্রবীণাঃ (সমর্থ)।

অনুঃ—১৪। (শ্রীমহাপ্রভুর) সেই কুপাবলেই (ঐ সকল) লিপিবদ্ধ করিবার জন্ম অন্তরে স্থবুদ্ধি হইল এবং বিচারপূর্ব কোমল গত্তো (এই) মূর্থকর্তৃক ধন্য 'শ্রীভজনামৃত' (গ্রন্থ) রচিত হইল।

অনুঃ—১৫। হংসম্বরূপ (সারগ্রাহী), জগৎকে পবিত্র করিবার জন্ম আবিভূতি মহাজন বলিয়া যাঁহারা প্রসিদ্ধ, তাঁহারা সকলে তাঁহাদের উচ্ছিফিসেবী আমার বাক্য সংশোধন করিতে সমর্থ।

⁽১) কলি (এঃ); (২) রচনং (এঃ)

- (ক) শ্রীকৃষ্ণনামবলাৎ কলোঁ সব এব বৈষ্ণবাঃ সমাঃ
 কৃষ্ণোপমা ইতি শ্রুতিঃ প্রাসিদ্ধেব, অত্র ন্যুনাতিরিক্ততা
 কাপি কাপি দৃশ্যতে, কিমেতৎ ? অশ্রুচ্চ, বৈষ্ণবানাং মধ্যে
 তুই দীক্ষাগুরবঃ সন্তি, তথা ই শিক্ষাগুরবক্ষ সন্তি, অত্র
 কথং ব্যবহর্তব্যম্ ?
- (খ) অন্যচ্চ, শ্রীকৃষ্ণঃ স্বয়ং ভগবানেব; তত্র বলভদ্র-স্তদংশস্তদর্ধবিগ্রহো বা স এব বা কিং জ্ঞাতব্যঃ ?
- (গ) তথাজো ভবশ্চ বিষ্ণুশ্চ তদ্গুণপ্রভবাস্তেহপি^৫ কিং জ্ঞাতব্যাঃ ? ইতরে বা^৬ ?

প্রথমে পূর্বপক্ষসকল বিবৃত করিতেছেন :—

প্রথমে, মাৎস্ঘাহীন বিজ্ঞ ভগবদ্ধক্তগণ পূর্বপক্ষগুলি শ্রবণ করুন।

- (ক) 'কলিযুগে রক্ষনামের বলে সকল বৈষ্ণবই সমান ও রক্ষতুলা'—এই শ্রুতিবাক্য প্রসিদ্ধই আছে। কিন্তু, এই বিষয়ে কোথাও কোথাও হীনতা ও আধিক্য দৃষ্ট হয়, ইহা কি প্রকার ? আরও, বৈষ্ণব-গণের মধ্যে দীক্ষাগুরু আছেন এবং শিক্ষাগুরুও আছেন, তাঁহাদের সম্বন্ধে কিরূপ ব্যবহার করা উচিত ?
- (খ) অপর, প্রীকৃষ্ণ স্বরং ভগবান্ই; সেইস্থলে শ্রীবলদেবকে তাঁহার অংশ বা অর্দ্ধবিগ্রহ অথবা তিনিই জানিতে হইবে কি ?
- ্রে) সেইরূপ ব্রহ্মা, বিষ্ণু ও শিব তাঁহার গুণজাত। তাঁহাদিগকেও কিরূপ জানিতে হইবে ? অপর দেবগণ্ড কিরূপ জ্ঞাতব্য ?

⁽১) স্মৃতিঃ (ভঃ); (২) তু (খ্রীঃ) পুস্তকে নাই; (৩) আশ্রয়ণীয়াঃ (ভঃ);

⁽৪) কিং (ভঃ) ; (৫) এব (ভঃ, জীঃ) ; (৬) (ভঃ) পুস্তকে নাই।

- (ঘ) তথা লক্ষ্মীস্তদেহস্থিতা ততুলাৈব বৈষ্ণবী চেশ্রী, অঙ্গতুলাানাং বৈষ্ণবানাং কথম্ আচরণীয়া ?
- (ঙ) তথা, আতা শক্তিঃ কা ? প্রধানপ্রকৃতিরেব সা কিং ই জ্ঞাতব্যা ? কুরিণী কৃষ্ণবনিতা জানকী চ লক্ষ্মী-রূপা কথং ব্যবহর্তব্যা ?
- (চ) তথা, শ্রীমতী রাধা বৃন্দাবনবিলাসিনীত বৃন্দাবন-ভূষণৈব সকলবিনোদকলাবতী। এতাসাং মধ্যে ক। বীজীভূতা ? কস্থাং কৃষ্ণস্থ সৌভাগাং মহৎ ? অত বিচারঃ কো8হন্তি?
- (ঘ) সেইরূপ, শ্রীহরির অঙ্গে (বক্ষে) অবস্থিত লক্ষীদেবী শ্রীহরির তুলাই—বিষ্ণুশক্তি ও ঐশ্বর্যাময়ী। (ভগবানের) অঙ্গস্বরূপ বৈষ্ণবগণের (তাঁহার প্রতি) কিরূপ আচরণ করা কর্ত্তবা ?
- (৬) তদ্রপ, আতা শক্তি কে? প্রধানপ্রকৃতিকেই কি তিনি (আতাশক্তি) বলিয়া জানিতে হইবে? শ্রীকৃষ্ণের পত্নী কৃষ্ণিণী ও লক্ষীরপিণী জানকীর প্রতি কিরপ আচরণ কর্ত্তবা ?
- (চ) আরও, শ্রীমতী রাধিকা শ্রীবৃন্দাবনে বিলাসকারিণী, শ্রীবৃন্দাবনের অলঙ্কারস্বরূপাই এবং সর্বপ্রকার ললিতকলাপণ্ডিতা। ইহাদের (রুক্মিণী, জানকী ও শ্রীরাধিকার) মধ্যে মূলস্বরূপা কে? কাঁহাতে ক্ষের প্রীতি ও আকর্ষণ অধিক ? এইসকল বিষয়ে কিরূপ বিচার আছে ?

⁽১) মধ্যে কথং (ভঃ);

⁽২) কিমিব (ভঃ, শ্রীঃ);

⁽৩) বৃন্দাবনবাদিনী (তীঃ); (৪) (ভঃ) পুস্তকে নাই।

অথ সিদ্ধান্তান্ বির্ণোতি :—
ইদানীং পূর্বপক্ষাণাং ই সিদ্ধান্তানাকর্ণয়ন্ত।

- (ক) (১) বৈষ্ণবাঃ সর্বে সমা ইতি সত্যম্। কিন্তু যে বলাবলং ন জানন্তি, বিষয়িণঃ, স্বল্লবুদ্ধয়ঃ, কেবলং ভিক্ষুকাদিপি ক্রুরবেশাদিপি বিভাতি, তে কথং তেজসো বলাবলং স্বল্লাগ্রিমহাগ্রিবিশেষভাবং জ্ঞাস্যন্তি ? তে সমব্যবহারমেব করিয়ান্তি। বিশেষবিচারবোধাজ্ঞত্বাৎ কিং মরিয়ান্তি ? তেষাং সমতৈব পথাম্।
- (২) যে তু বৈষ্ণবা ব্যবহারপরমার্থিনঃ ⁸ শ্রবণাদ্
 দর্শনাজ্জ্ঞানাদ্-বিশেষবুদ্ধয়ঃ, স্বল্লবল-বহুবল-বিচারণধীরাঃ,
 কেষাং দেহে কৃষ্ণস্য কিয়ত্তেজঃ স্বল্লং বলং বা বহু বলং বা^৫
 সবং জানন্তি, তে বিশেষবুদ্ধ্যা^৬ ব্যবহারং করিয়ান্তি।
 বলাবলং জ্ঞাত্বা যদি ন কুর্বন্তি, তর্হি দোষভাগিনো ভবন্তি।

এক্ষণে এই প্রশ্নগুলির মীমাংসা শ্রবণ করুন।

(ক) (১) সকল বৈষ্ণবই সমান, ইহা সত্য বটে; কিন্তু যাঁহারা বলাবলের বিষয় জ্ঞাত হন নাই—স্বল্পবৃদ্ধি, বিষয়াসক্ত, কেবল ভিক্ষুক ও ক্রুরবেশ দেখিয়াও ভয় পান, তাঁহারা কিরূপে তেজের বলাবল, অল্লাগ্নিও মহাগ্নির বৈশিষ্ট্য জানিবেন? তাঁহারা সকল বৈষ্ণবের প্রতি তুল্য ব্যবহারই করিবেন। বৈশিষ্ট্য-বিচারের জ্ঞানাভাবে তাঁহারা কি মরিবেন? তাঁহাদের পক্ষে সমান ব্যবহারই মঙ্গলজনক।

⁽১) (ত্ৰীঃ) পুস্তকে নাই; (২) প্ৰথমতঃ (ভঃ); (৩) বলং (ভঃ);

⁽৪) বা (এঃ, ভঃ); (৫) সল্পবলং বছবলং বা (এঃ); (৬) বিশেষবৃদ্ধিং (ভঃ)।

তস্মাৎ স্বল্পবলে বহুবলে উপসন্নে আদে মহতাং পূজাং কুব ন্তি, পশ্চাৎ সাধারণবলানাম্।

(৩) এবং পরোক্ষেহিপ যথা বলবতাং ন তথা সল্ল-বলানাম্। ন হি যথা বাড়বাগ্নো জলতি প্রদীপাগ্নিং জ্ঞাতবন্ত আদে নির্বাপয়ন্তি, বাড়বাগ্নো নির্বাপিতে প্রদীপাগ্নিং স্থেন নির্বাপয়ন্তি । যদি বা মহাবলানাং মহাতেজসাং পূজাসন্তর্পণং দৃষ্টা সল্লতেজসং কুধ্যন্তি, তহিং নির্বৃদ্ধয়ো মহতাং তেজসৈব ভগ্নতেজসো ভবিয়ন্তি; কথং পূজাকারিণো নিগ্রহং করিয়ন্তি ? এতৎ সর্বং ব্যবসায়িনো দীর্ঘশ্রুতয়ো বৈষ্ণবা ব্যবহার-পর্মার্থিনশ্চ যে জানন্তি, তে জ্ঞাত্বা ত্বকরণে নশ্যন্তি, বলাবলবিচারে জীবন্তি। স্থমেরো-রাশ্রিতানাং কিমন্যে করিয়ন্তি, পূজাঞ্চ সাধুসন্মানং সেবনঞ্চ করিয়ান্ত্যেব।

⁽২) কিন্তু, যে সকল বৈষ্ণব ব্যবহার ও পরমার্থ-বিষয়ে অভিজ্ঞ, মহাজনের নিকট) শ্রবণ করিয়া (তাঁহাদের আচরণ) দেখিয়া ও জানিয়া বৈশিষ্ট্য উপলব্ধি করিয়াছেন, হীনবল ও প্রভূত বলের বিচারে ধীর, কাহাদের দেহে ক্ষেপ্রে কত পরিমাণ শক্তি, স্বল্ল বা প্রভূত বল, (এই সমস্ত) জানেন, তাঁহারা ভেদ-বিচার-বুদ্ধিতে ব্যবহার করিবেন। তাঁহারা যদি বলাবল জানিয়া (ব্যবহার) না করেন, তাহা হইলে দোষভাজন হইয়া থাকেন। সেই-হেতু স্বল্লবল ও বলাধিক বৈষ্ণব একত্র উপস্থিত থাকিলে (তাঁহারা) অগ্রে মহতের ও পরে সাধারণ বলবিশিষ্টের পূজা করেন।

⁽১) নির্বাপয়িয়ান্তি (ভঃ); (২) (ভঃ) পুস্তকে নাই; (৩) জ্ঞাত্বাহকরণে (ত্রীঃ)।

न निन्ता देवस्वदेव कार्या। नावरङ्का প্রমাদতঃ। न তুঃখং মরণেইপি স্থাদ্ যদি বৈষ্ণবকারণাৎ॥ ১৬॥

তে এই প্রকারে পরোক্ষেত্ত (অর্থাৎ অবিভ্নমানেত্র) অধিকবলবিশিষ্টের যেরূপ (পূজা), অল্পবলবিশিষ্টের সেরূপ (পূজা) হইবে না। যেমন, বাড়বানল জলিতে থাকিলে (মেই বিষয়ে) অভিজ্ঞজন অগ্রে প্রদীপাগ্নিকে নির্বাপণ করে না, (বরং) বাড়বানল নির্বাপিত হইলে প্রদীপাগ্নিকে সহজেই নির্বাপিত করে। যদি বা, মহাবল ও মহাতেজস্বী (বৈঞ্চবগণের) পূজা ও তুষ্টিবিধান দেখিয়া অল্লতেজাঃ (বৈঞ্চবগণ) কুল্ক হন, তাহা হইলে (মেই) মূর্যগণ মহান্তদিগের শক্তির দ্বারা হীনবল হইবেন; (তাহারা মহান্তের) পূজাকারী সেবকের কিরূপে নিগ্রহ করিবেন? (ভগবানের ভজনবিষয়ে) নিশ্চিতমতি, দীর্যকাল সচ্ছান্ত্রশ্রবণশীল বৈঞ্চবগণ এবং ব্যবহার ও পরমার্থে নিপুণ যে সকল সজ্জন এই সমস্ত ব্যবহার জানেন, তাহারা জানিয়া আচরণ না করিলে বিনম্ভ হন, (কিন্তু) বলাবল বিচার করিলে বাঁচেন অর্থাৎ জীবন সার্থক করেন। অপরে স্থমেরূপর্বতের আশ্রেতগণের কি করিবে? (পক্ষান্তরে, তাঁহাদের) পূজা, সাধুযোগ্য সন্মান ও সেবা করিবেই।

ত্তবে বিষয়ে প্রাদতঃ (অসাবধানেও) বৈষ্ণবে (বিষ্ণুভক্তের বিষয়ে) নিন্দা (নিন্দা) [ও] অবহেলা (অনাদর) ন কার্য্যা (করা উচিত নয়)। যদি বৈষ্ণবেকারণাৎ (যদি বৈষ্ণবের জন্ম) [ঘটে, তবে] মরণে অপি (মৃত্যুতেও) হঃখং ন স্থাদ্ (হঃখ নাই)।

ন দোষা বৈষ্ণবে দৃশ্যাঃ কর্মাচার-বিলোকনাৎ। কর্মাচারবিশুদ্ধা বা কে সন্তি কলিমর্দ্দিতাঃ॥ ১৭॥

(৪) যতো বৈষ্ণবাঙ্গে কুষ্ণাগ্নিবর্ত্ততে, শ্রীকৃষ্ণধ্যানবলাৎ পাতকানি পতিতুং ন সমর্থানি, পতিতাগুপি কৃষ্ণাগ্নো দ্বানীতিই, অজানতান্ত সকল-গঙ্গায়ামেকৈবার্ণ্মিরিতি বলাবলে বৈষ্ণবেই সমতৈব পূজেত্যুপসংহারঃ।

আঃ—১৭। কর্মাচার-বিলোকনাৎ (কর্ম ও আচার দেখিয়া) বৈষ্ণবে (বিষ্ণুভক্তে) দোষাঃ (দোষ) ন দৃগ্যাঃ (দর্শন করিবে না)। কলিমন্দিতাঃ (কলিদ্বারা নিপীড়িত হইয়া) কে বা (কাহারাই বা) কর্মাচারবিশুদ্ধাঃ (কর্ম ও আচরণে নির্দোষ) সন্তি (আছেন)?

অনুঃ - ১৬। অসাবধানেও বৈষ্ণবের নিন্দা (ও) অবহেলা করা উচিত নহে। (আর) যদি বৈষ্ণবের জন্ম হয়, (তবে) মরণেও তুঃখ নাই।

অনুঃ—১৭। কর্মা ও আচার দেখিয়া বৈষ্ণবের দোষ দর্শন করিবে না। কলিদ্বারা নিপীড়িত হইয়া কাঁহারাই বা কর্ম্ম ও আচারে বিশুদ্ধ আছেন ?

(৪) যেহেতু, বৈষ্ণবশরীরে ক্ষেরে তেজারূপ অগ্নি বর্ত্তমান, শ্রীক্ষরের স্মরণ-বলে পাপসমূহ (তাহাতে) পতিত হইতে পারে না এবং পতিত হইলেও ক্ষাগ্নিতে দগ্ধ হইয়া যায়; (আর), সমগ্র গঙ্গায় একই তরঙ্গ অর্থাৎ তরঙ্গের ইতরবিশেষ লক্ষিত হয় না—এইরূপ বিচারে অবল সবল সকল বৈষ্ণবে সাম্যভাবই অনভিজ্ঞগণের পক্ষে পূজা। ইহাই এই সিদ্ধান্তের শেষ কথা।

⁽১) कृक्षवरको (७:); (२) मभानि (७:); (७) वनावन-देवक्षद (७:)।

- (৫) সকলবৈষ্ণবা এব গুরবঃ। তত্র দীক্ষাগুরবঃ
 শিক্ষাগুরবো বিশেষতঃ সন্তি। এতয়োরেব কিমাচরণীয়ম্ ?
 অথাজ্ঞাপালনন্ত তয়োরেব কার্যম্। যদি তাবল্পবলো
 তথাপ্যক্ত মহতাং মুখাৎ শিক্ষাবিশেষং জ্ঞাত্বাপি গুরবে দেয়ং,
 গুরুষু পঠনীয়ং, ন তু গুরো হেলা। যথা স্কেহ-ভাজনপুত্রোহংর্থোপার্জনং কৃত্বা পিতরি দত্ত্বা প্রার্থ্য চ স্বয়ং
 ভুঙ্ভেত । যদি স্বয়্মানীয় খাদতি, ততঃ কুপুত্রঃ পাপী স্যাৎ।
 তত্মাৎ সর্বত্র বৈষ্ণবানাং গুরোঃ সমাধিকারা পূজা কার্যা।
 তথাপি, কায়মনোবাক্যেগুরোরেব সেবনং কুর্যাৎ।
 কার্যকালে পরৈগ্র রোরবহেলায়াং গুরুরেব গুরুঃ, তৎপক্ষ
- (৫) সকল বৈষ্ণবই শুরু। তাঁহাদের মধ্যে বিশেষভাবে দীক্ষাগুরু ও শিক্ষাগুরু আছেন। এই উভয়েরই প্রতি কিরূপ আচরণ করা উচিত ? কিন্তু, তাঁহাদের উভয়েরই আজ্ঞাপালন কর্ত্তব্য। যদি তাঁহারা উভয়ের (দীক্ষাগুরু ও শিক্ষাগুরু) অল্পবল (অর্থাৎ ভজনের উপদেশে বিশেষ আনিপুণ) হন, তাহা হইলেও অপর মহাজনের মুখ হইতে শিক্ষাবিশেষ অবগত হইয়াও তাহা গুরুকে সমর্পণ করিবে এবং গুরুর নিকট পাঠ করিবে; কিন্তু (তাই বলিয়া) প্রীগুরুতে অবহেলা করিবে না। যেমন, স্মেহাম্পদ পুত্র অর্থ উপার্জন করিয়া পিতাকে দেয় এবং আবার তাঁহার নিকট হইতে লইয়া নিজেই উপভোগ করে। যদি অর্থ আনিয়া আপনি ভোগ করে, তাহা হইলে (সে) কুপুত্র পাপী হয়। সকল স্থানে বৈঞ্চব-

⁽১) অগ্রত্র (ভঃ); (২) ভাজনপুত্রঃ (ত্রীঃ); (৩) ভুঞ্জীত (ভঃ)।

(৬) পশ্য পশ্য, যথা পিতা গুরুস্তথা তম্ম ভাতাগ্রজোই-মুজঃ, পিতুরধিকপূজ্যো বা, পিতুশ্চেদাত্মীয় এব বা; তথাপি পিতুঃ পিতা গুরোরপি গুরুঃ, তস্তা পূজা দিগুণিতেতি শৈলা লোকপ্রসিদ্ধা। অথ যদি পিতরং কার্য্যকালে এতে গর্হয়ন্তি, তর্হি পিতৃত্ব গুরুঃ, পিতুঃ পক্ষ এব আশ্রয়ণীয়ঃ, তদ্বলেনৈব জীবাবলম্বনং কাৰ্য্যম্। পিতা গুৰুৰ্ পতিৰ্বা নিগুণাহপি পূজ্য এব। এতেষাং বলানাহদিঃ বিবদিতবাম্। কে নাম জনাঃ পিতুঃ কলক্ষেত জীবন্তি? বলাবলং জীবনম্⁸। সর্বে তদনুমতমেব^৫ গুরুমুখাদা স্ববুদ্যা বা ব্যবহরন্তীতি ক্রমঃ। তদ্দাস্যো গণয়ন্তি, এষ এব পরো ধর্মঃ (ইতি)।

গণকে গুরুর সমান অধিকারে পূজা করিবে; তাহা হইলেও শরীর, মন ও বাক্য-দারা গুরুরই সেবা করিবে। কার্য্যকালে অপর ব্যক্তি গুরুর অনাদর করিলে গুরুই প্রধান বিবেচিত হইবেন, তাঁহারই পক্ষ আশ্রয় করিতে इट्टेंदि ।

(৬) দেখুন, পিতা যেরূপ গুরু, তদ্রপ তাঁহার জ্যেষ্ঠ বা কনিষ্ঠ ভ্রাতা, অথবা পিতা অপেক্ষা অধিক পূজ্য কোন ব্যক্তি, বা পিতার কোন আখ্রীয়ই (পিতৃবং গুরু)। আর, পিতার পিতা (পিতামহ) গুরুরও গুরু, তাঁহার পূজা দিগুণিতা,—এই আচার লোকে প্রসিদ্ধ আছে। এখন, যদি ঘটনাক্রমে ইহারা পিতাকে নিন্দা করেন, তবে পিতাকেই গুরু বিচার করিতে হইবে, পিতৃপক্ষই আশ্রয় করিতে হইবে এবং তাহার বলেই

⁽১) গঠন্তে (ভঃ);

⁽২) জীবালম্বনং (শীঃ); (৩) কলম্বী (ভঃ);

⁽৪) (ভঃ) পুস্তকে নাই; (৫) তদর্থমেব (ভঃ)।

(৭) কিন্তু যদি গুরুরসমঞ্জসং করোতি,তর্হি যুক্তিসিনৈঃ সিদ্ধান্তৈস্তস্য রহসি দণ্ডঃ করণীয়ঃ, ন তু ত্যাঙ্গাঃ। 'গুরোর্দগুঃ!' ইতি চেন্ন।

গুরোরপ্যবলিপ্তস্থা কার্য্যাকার্য্যমজানতঃ। উৎপথ-প্রতিপন্নস্থা ন্যাব্যো দণ্ডো বিধীয়তে॥ ১৮॥

জাবন ধারণ করিতে হইবে। পিতা, গুরু বা স্বামা গুণহীন হইলেও পূজাই। ইহাদের বল অবল্মন করিয়া প্রবলের সহিত বিরোধ করিতে হইবে। কোন্ লোকেরা বা পিতার কলঙ্কে জীবন ধারণ করে ? (গুরুর সম্বন্ধে এই) বলাবল (-জ্ঞান) [শিষ্যের বা সেবার] জীবন-স্বরূপ। গুরু-মুখে শুনিয়া অথবা নিজবুদ্ধির বিচারে সকলে তাঁহার (গুরুর) অভীপ্তই আচরণ করেন—ইহা পূর্বাপর বিধি বা ব্যবহার। তাঁহার (গুরুর) সেবনবিষয়ে পণ্ডিতগণ ইহাকেই শ্রেষ্ঠ ধর্ম্ম বিলিয়া গণনা করেন।

(৭) কিন্তু, গুরু যদি অবিহিত কার্য্য করেন, তাহা হইলে যুক্তিসিদ্ধ সিদ্ধান্তদারা গোপনে তাঁহার দণ্ড করিতে হইবে, কিন্তু (তথাপি) ত্যাগ করিবে না। যদি বল, গুরুর আবার দণ্ড কি করিয়া হয়? এরূপ প্রশ্ন সমীচীন নহে।

অঃ—১৮। অবলিপ্তস্থ (গবিত) কার্য্যাকার্য্যম্ অজানতঃ (কর্ত্ব্যা ও অকর্ত্ব্য-বিষয়ে অনভিজ্ঞ) উৎপথপ্রতিপন্নস্থা (শাস্ত্রবিহিত পথ ত্যাগ করিয়া বিপরীত পথে গমনশীল) গুরোঃ অপি (গুরুরও) স্থায়ঃ দণ্ডঃ (শাস্ত্রবিহিত শাসন) বিধীয়তে (বিহিত হয়)।

অনুঃ—১৮। গবিত, কর্ত্ব্য ও অকর্ত্ব্য বিষয়ে অনভিজ্ঞ, উন্মার্গগামী গুরুরও স্থায্য দণ্ডের বিধান আছে।

অনেন স্বং স্থােভন্মিতি।

(৮) সভাবত এব বৈশ্ববানাং কৃষ্ণাশ্রেয় এব মূলম্; তদ্গুণগান-যশোবর্ণন-বিলাসবিনোদ-প্রখ্যাপনং জীবনম্। সর্বে তদমুসারমেব ওক্তমুখাদা স্ববুদ্ধা বা ব্যবহরতীতি ক্রমঃ। অথ যদি গুরুবিসদৃশকারী, ঈশ্বরে ভ্রান্তঃ, কৃষ্ণযশো-বিমুখো, বিলাসবিনোদং নাঙ্গীকরোতি, স্বয়ং বা তুরভিমানী, লোকস্তবৈঃ কৃষ্ণত্বং প্রাপ্রোতি, তর্হি ত্যাজ্য এব। কথমেব গুরুস্ত্যাজ্য ইতি নোও। কৃষ্ণভাবলোভাৎ কৃষ্ণপ্রাপ্রয়েগুরোরাশ্রেয়ণং কৃতম্; তদনন্তরং যদি তন্মিন্ গুরো আসুরভাবস্তহি কিং কর্ত্ব্যম্ ? আসুরগুরুং উত্তত্বা শ্রীকৃষ্ণভক্তিমন্তং গুরুমন্তং ভজেৎ। অস্য কৃষ্ণবলাদস্বরস্য গুরোর্বলং মর্দ্দনীয়মিতি শ্রীক্রীবৈষ্ণবানাং ভজনবিচারঃও। এবঞ্চ দৃষ্টা বহবঃ শ্রীকৃষ্ণচৈতন্ত্যাবতারে ইতি গুরুনিরূপণ-সিদ্ধান্তাঃ ।

এই শাস্ত্রবাক্যে সকলই স্থসঙ্গত।

⁽৮) স্বভাবতঃই ক্ষাশ্রয়ই (ক্ষে শ্রণাগতিই) বৈষ্ণবগণের মূল বা মুখ্য এবং তাঁহার (শ্রীক্ষের) গুণগান, যশো-বর্ণন এবং বিলাস ও আনন্দলীলার কীর্ত্তনই (তাঁহাদের) জীবন। সকলে (বৈষ্ণবে) শ্রীগুরুমুখে শুনিয়া অথবা নিজবুদ্ধি-বিচারে উহার অনুসরণে ব্যবহার করেন, ভুইহাই

⁽১) তদর্থমেব (ভঃ); (২) তত্র (ভঃ); (৩) ন (ভঃ);

⁽৪) অহরগুরুং (শীঃ); (৫) তস্ত (ভঃ); (৬) বৈফবভজনবিচারঃ (শীঃ);

⁽৭) 'ইতি---- সিদ্ধান্তাঃ' (জীঃ) পুস্তকে নাই।

(খ—ঘ)(১) অথ শ্রীকৃষ্ণো ভগবানের সকলশক্তিতুণত্রয়ং সর্বই-বৈভবং বিলাসবিনাদং সকলভাব-কলাচাতুরীমাধুর্য্যাদিই যদগুদ্ধা তুণবিশেষং সর্বাণ্যুদারে নিজদেহে
নিধায় নিজপ্রভুত্বেন সকলান্ বৈকুণ্ঠান্তবতারান্ একত্রীকৃত্যই
স্থাং পুরাতনবদাস্তে। সকলস্থাবিলাসবিনোদ-ভাবময়বিশুদ্ধবিপ্রহাহিপি এতৈর্নানাগুণৈশ্চতুর্দ্দশলোকপর্বত-তর্কলতাসংসারজালৈর্বেষ্টিতো যন্ত্রিত ইব প্রকাশং ন লভতে। তত্র
কদাচিদ্ যদি তস্যেচছা^৪ প্রভবতি, স এব কাল ইতিশ্রেম্নতে।

রীতি। আর, গুরু যদি বিপরীত আচরণ করেন, ভগবদ্বিয়ে প্রান্ত হন, শ্রীকৃষ্ণের গুণাদির কীর্তনে পরাল্পুথ হন, শ্রীকৃষ্ণের অপ্রাকৃত লীলাদি স্বীকার না করেন, অথবা যদি স্বয়ং মিথ্যা অভিমানে অজ্ঞলোকের তোষামোদে কৃষ্ণাভিমান (অথবা, মলিনতা) লাভ করেন, তাহা হইলে তাহাকে ত্যাগ করিতেই হইবে।

কিরপে গুরু ত্যাগ করিব ? এইরপ সংশয় করা উচিত নয়।
কৃষ্ণপ্রেমের লোভে, কৃষ্ণপ্রাপ্তির নিমিত্ত গুরুর আশ্রয় করা হইয়াছে।
তারপর, যদি সেই গুরুতে আস্তরভাব লক্ষিত হয়, তাহা হইলে কি করা
উচিত ? অস্তর গুরুকে পরিত্যাগ করিয়া শ্রীক্বন্ধে ভক্তিমান্ অপর গুরুকে
আশ্রয় করা উচিত। ইহার (কৃষ্ণভক্ত গুরুর) কৃষ্ণ-বল আশ্রয় করিয়া
অস্তর গুরুর বলকে মর্দান করিতে হইবে,—ইহা শ্রীশ্রীবৈষ্ণবগণের ভজনবিষয়ে বিচার। শ্রীকৃষ্ণচৈতত্যের অবতারকালে এইরপ বহু উদাহরণ বা
গুরুনিরূপণসিদ্ধান্ত পরিদৃষ্ট হইয়াছে।

⁽১) সকল-(এঃ); (২) মাধুরী (ভঃ); (৩) একীকৃত্য (ভঃ); (৪) তস্তৈবেচ্ছা (ভঃ)

যৎ তদৈব স্প্রিমারভতে। তহি সর্বরশক্তিময়ী আগ্যাশক্তিঃ প্রাত্মভাবং প্রাপ্য তদন্তিকে* তিন্ঠতি। তত ঈশ্বরেচ্ছায়াঃ সা শুণত্রয়ং বিভাব্য বিষ্ণুবিরিঞ্চিশিবান্ স্কৃতি।

(২) অশ্রচ্চ প্রকারান্তরং স্ফোঃ পুরাণান্তরমতম্। ঈশরেচছায়া আতাশক্তিঃ প্রভবতি। ততশ্চ দ্যোরভ্যোহন্থাব-লোকনেন মন ইতি পুমানাবির্ভবতি। ততো মনসন্ত্রয়ো জায়ত্তে। ইত্যেতেনাজাদয়ো ভগবতঃ পৌত্রাঃ, অন্যত্র পুত্রা ইতি।

(খ-ঘ) (১) প্রীক্ষণ্ণ ভগবান্ই, তিনি সকল শক্তির সহিত গুণত্রয়, সর্ধাপ্রকার বৈভব,—বিলাস, বিনোদ, ভাব, কলা, চাতুর্য্য ও মাধুর্য্য প্রভৃতি
এবং অপর যে কোন বিশেষ গুণ,—এই সকলই নিজ স্থন্দর দেহে নিহিত
করিয়া, আপনার প্রভুশক্তির বলে সকল বৈকুণ্ঠাদি অবতারগণকে একীভূত
করিয়া, আপনার প্রভুশক্তির বলে সকল বৈকুণ্ঠাদি অবতারগণকে একীভূত
করিয়া স্থথে (সর্বব্যাপী) বিষ্ণুস্বরূপে বিরাজমান। তিনি সকলপ্রকার
আনন্দ, বিলাস, বিনোদ ও ভাবদ্বারা পরিপূর্ণ অপ্রাক্ষত, নির্ম্মল-বিগ্রহবান্
হইয়াও এইসকল নানাবিধ গুণকার্য্য—চতুর্দ্দশ ভূবন, পর্বত, বৃক্ষ, লতা
প্রভৃতি সংসারজালে বেষ্টিত হইয়া শৃঙ্খলিতের স্থায় প্রকাশ লাভ করেন না
(অর্থাৎ নিজকে প্রকাশ করেন না)। তাহাতে যদি কথনও তাঁহার
ইচ্ছার উদয় হয়, তাহাই (ইচ্ছাই) কাল বলিয়া শ্রুত (কথিত) হয় ।
কারণ, তথনই স্পষ্টির স্থচনা বা আরম্ভ করেন। তথন, সকল-শক্তিময়ী
আচ্যা শক্তি আবির্ভাব লাভ করিয়া তাঁহার সমীপে থাকেন। অনন্তর,
সেই আচ্যাশক্তি জগদীশ্বরের ইচ্ছা হইতে সত্ত্ব, রজঃ ও তমঃ—গুণত্রয়
প্রকটিত করিয়া যথাক্রমে বিষ্ণু, ব্রহ্মা ও শিবকে প্রকট করেন)

^{* &#}x27;তদন্তিকে.....দৃশান্ত।' (ভঃ) পুন্তকে नाই।

(৩) এবংপ্রকারেণ মহামহেশ্বর ঈশ্বরত্রয়ং নির্মায়, সকলবৈভবং স্থানে স্থানে সমর্প্য, কেবলো নিগুণঃ ক্রীড়া-বিলাসবিনোদময়ং বিগ্রহং চন্দনবৃক্ষ ইব সর্পজালৈঃ, সর্প ইব সকলৈরেতৈর্ব্যাপারৈবিমাচকৈর্বিনিমুক্তা লোকনিস্তারকারকং স্থময়ং লীলাবিলাস-স্বপ্রভাবশীলং বহন ভক্তবাৎসল্যেন স্বয়ং প্রভবতি। সর্বত্র এব বিষ্ণুবিরিঞ্জিভব-প্রভৃতীন্ সূর্যাচন্দ্রমুনিমন্থময়ন্তরাধিপাদিপুরুষান্ অনুকরবশান্ ক্রা এক এব প্রধানপুরুষঃ স্বয়ং ভগবান্ জয়তি লীলাবিলাসবিনোদকারী দেবাদিদেবঃ। স এক এব সত্যং, সর্বান্ স্মুত্রথে বহতি। অতো যে যে পুরুষাস্ত এব সর্বেহন্থকরণাঃ সকলাঃ, প্রধানঃ ক্রম্ব এব, সর্বত এব বৈভ্বাদি-সংসারচক্রং নিরূপরন্তি, পালয়ন্তি, সংহরন্তি।

⁽২) অপর প্রাণের মতে সৃষ্টির আরও ভিন্ন প্রকার আছে। ভগবানের ইচ্ছা হইতে আভা শক্তি প্রকাশিতা হন। তারপর, ঈশ্বরও আভা শক্তির পরস্পরের ঈক্ষণক্রমে মনঃ নামে একটী প্রুষের আবির্ভাব হয়। তদনন্তর, মনঃ হইতে বিষ্ণু, ব্রহ্মা ও শিব উদিত হন। এই মতে ব্রহ্মা প্রভৃতি ভগবানের পৌত্র বলিয়া এবং অহাত্র পুত্র বলিয়া অভিহিত।

⁽৩) এইরপে মহামহেশ্বর (শ্রীকৃষ্ণ) বিষ্ণু, ব্রহ্মা ও শিব নামে ঈশ্বরত্র সৃষ্টি করিয়া (তাঁহার) সমগ্র বৈভব স্থানে স্থানে সমর্পণপূর্বাক সর্পসমূহ-কর্তৃক পরিত্যক্ত চন্দন বৃক্ষের স্থায় এবং ত্বক্ হইতে নির্মুক্ত সর্পের

(৪) শ্রীকৃষ্ণচন্দ্রস্ত উদাসীনঃ স্ত্রীলম্পটঃ স্বেচ্ছাবিহারঃ। ইতরৈগু গৈর্জগদলঙ্করোতি। তথাপীন্ধিতামুবর্তিনস্তম্মাৎ কৃষ্ণ এব নিগুণঃ প্রভুরনির্বচনীয়েরক্যৈঃ কিমিব মহনীয়েগু গৈ-রেতৈরজাদিভিরপ্যবিদিতৈগুণবান্ লীলাতমুঃ সমুজ্জৃত্ততে।

ন্থায় এই সকল ব্যাপার হইতে মুক্ত থাকিরা, ক্রীড়াবিলাসার্থ লীলামর, লোকের পরিত্রাণের উপায়স্বরূপ, স্থেমর, লালাবিলাসাদি স্বীর প্রভাবশালী অদিতীয় বিশুদ্ধ বিগ্রহ ধারণ করিয়া ভক্তবাৎসল্যবশতঃ স্বয়ং বিরাজ করিতেছেন। দ্বিতীয়তঃ, মূল-পুরুষ, দেবাদিদেব, লীলাবিলাসে প্রমন্ত স্বয়ং ভগবান্ (প্রীকৃষ্ণ) সকল বিষয়ে ব্রহ্মা, বিষ্ণু, শিব প্রভৃতিকে, স্থা, চন্দ্র, সপ্তর্ষি, মন্থ, মন্বন্তরপতি প্রভৃতি সকল পুরুষকে সহচর ও অধীন করিয়া জয়যুক্ত হইতেছেন। তিনি একমাত্র সত্যবস্তু, (তিনিই) সকলকে স্বস্থ স্থাথে পরিচালন করিতেছেন। অতএব, যে সকল পুরুষ আছেন, তাঁহারা সকলেই তাঁহার অন্থরূপ বা আদেশকারী এবং অংশবিশিষ্ট। প্রীকৃষ্ণই প্রধান বা মূল। সেইছেতু, ঈশ্বরগুণ-দারা সন্ত্ত বিষ্ণুরূপাদিও ঈশ্বরই; তাঁহারা সর্ব্রেপ্রকারে ভগবহৈভবাদি-সংসারচক্রের স্থাষ্টি, পালন ও সংহার করিতেছেন।

(৪) কিন্তু, প্রীকৃষ্ণচন্দ্র (বিশ্বব্যাপারে) উদাসীন, গোপীকামুক এবং স্বেচ্ছার লীলাবান্। তিনি অপর গুণসমূহ-দ্বারা জগৎকে শোভিত করিতেছেন। তাহা হইলেও প্রীকৃষ্ণ তাঁহার ইঙ্গিতের অন্বর্ত্তনকারী সেই জগৎ হইতে পৃথক্, প্রাকৃতগুণরহিত এবং নিগ্রহ ও অনুগ্রহে সমর্থ। তিনি বাক্যের অতীত, ব্রন্ধাদিরও অগোচর, পরমপূজ্য, অপর অপ্রাকৃত গুণসমূহে গুণী হইর। লীলাম্য বিগ্রহ স্বীকারপূর্বক আপনি প্রকাশিত হন।

(৫) বলদেবস্ত তদংশ এব। তদ্দেহভাগোহপি, সর্বশক্তিমানপি, ঈশরঃ স্বয়ং প্রভুরপি, কদাচিদসুজো লক্ষ্মণঃ,
কদাচিদগ্রজো বলরাম ইতি। কৃষ্ণস্যৈবানস্তগুণভাগং বর্ণয়িতুং
ভক্তভাবমেব ভজতে। অন্যথা গুণত্রয়েরবিদিতানস্তগুণান্
কে নাম বর্ণয়ন্ত ? অতঃ, স্বয়মেব স্বদেহ-ভাগেনাত্মনো
গুণান্ বর্ণয়তি। তথাপি দেহাৎ পৃথজ্বেন স্থিত ইতি ভক্তবাৎসল্যেনাবতরতি। তহি বলদেব-লক্ষ্মণয়োরপি শ্রীকৃষ্ণপাত্মো কৃক্মণী-জানকী-রাধান্তা মাতর ঈশ্বর্যঃ। তথা
শ্রীভাগবতে (১।৩।২৮)—'এতে চাংশকলাঃ পুংসঃ কৃষ্ণস্ত
ভগবান্ স্বয়ন্" ইতি।

এবঞ্চেৎ যাসাং শ্রীরাধাদীনাং বলরামাদয়োহপি অনুগ্রহ-বাঞ্চকাস্তাসামঙ্গসঙ্গিনো বৈষ্ণবা অনুগ্রহং বাঞ্জন্তি। যাসা-মেবংভূতাস্তাসামত্যে অঙ্গসঙ্গিনোহপি বৈষ্ণবাঃ কে ? কিন্তু, যদি পরমকারুণ্যং প্রভোঃ প্রকাশতে, তর্হি লক্ষ্মীরিতি কা নাম ? কিং তয়া ? তথা চ শ্রীভাগবতে (৪।২০।২৮)—

⁽৫) আর, শ্রীবলদেব তাঁহার (শ্রীক্ষের) অংশই, তাঁহার দেহের ভাগবিশেষ হইয়াও, সর্বাশক্তিমান্ থাকিয়াও, স্বয়ং প্রভু ঈশ্বর হইয়াও কখনও তাঁহার অন্তজ লক্ষণ, কখনও বা অগ্রজ বলরাম হইয়া থাকেন। সেই বলদেব শ্রীক্ষেরই অনন্ত গুণসকলের বিভাগ বর্ণন করিতে ভক্ত-ভাবই অঙ্গীকার করেন। তাহা না করিলে, স্থাদি গুণত্রয়ের অজ্ঞাত অনন্তগুণসকল কাহারা বর্ণন করিতে পারে ? অতএব, (শ্রীক্ষ্ণ) আপনিই আপন দেহাংশদারা (বলদেব-স্বরূপদারা) আপনার গুণসমূহ

জগজ্জনন্তাং জগদীশ বৈশসং স্থাদেব যৎকর্মাণ নঃ সমীহিত্য। করোষি ফল্যপুরু দীনবৎসলঃ স্থ এব ধিষ্ণ্যেইভিরতস্থ কিং তয়া॥ ১৯॥

বর্ণন করেন। তথাপি, (তিনি) (স্ব) দেহ হইতে পৃথগ ভাবে (বলদেবরূপে)
অবস্থিত—ইহা তাঁহার ভক্তবাৎসল্য-হেতু অবতার। তাহাতে, শ্রীকৃষ্ণের
প্রিয়া রুক্মিণী, জানকী ও রাধা প্রভৃতি শ্রীবলদেব ও শ্রীলক্ষণের মাতৃস্বরূপা
অধীশ্বরী। শ্রীমদ্ভাগবতে তাহাই বর্ণিত আছে,—"এই সকলও পরম পুরুষ
শ্রীকৃষ্ণের অংশকলা—কেহ অংশ, কেহ বা কলা অর্থাৎ ভাগের ভাগ;
কিন্তু, শ্রীকৃষ্ণ স্বয়ং ভগবান্ (সমগ্রেশ্বর্য্যয় আদিপুরুষ)।"

এই-প্রকার বিচারে বলরাম প্রভৃতিও যে শ্রীরাধা প্রভৃতি শ্রীকৃষ্ণপ্রান্যানের অনুগ্রহপ্রার্থী, (তাঁহাদের) সহচর বৈষ্ণবগণও সেই শ্রীকৃষ্ণকান্তাগণের অনুগ্রহের প্রার্থী। অঙ্গসঙ্গিগণ (পার্ষদ-বৈষ্ণবগণ) যাঁহাদের সম্বন্ধে এইরূপ, তাঁহাদের (কৃষ্ণপ্রিয়াগণের) নিকট অপর বৈষ্ণবগণ কে? কিন্তু, যদি প্রভুর (শ্রীকৃষ্ণের) পরমানুগ্রহ প্রকাশিত হয়, তথন (তাদৃশ ভক্তের নিকট) লক্ষ্মী কে? (সেই ভক্তের) তাঁহাতে কি প্রয়োজন? যেমন, শ্রীমন্তাগবতে (৪।২০।২৮) শ্রীপৃথু মহারাজ বলিতেছেন,—

তাঃ—১৯। হে জগদীশা! (জগৎ-স্বামিন্)! যৎকর্মণি (যে লক্ষ্মীদেবীর অধিকৃত সেবাকার্য্যে) নঃ (আমার) সমীহিত্য (ইচ্ছা রহিয়াছে), [সেই] জগজ্জনতাম্ (জগজ্জননী লক্ষ্মীর সহিত) বৈশসং (কলহ) স্থাৎ এব (হইতেই পারে); [কিন্তু] দীনবৎসলঃ (দীনের প্রতি পরম সেহবান্ আপনি) ফল্ল অপি (তুচ্ছ সেবাকেও) উরু করোষি (বহুমানন

তথাপি লক্ষ্যাং বৈষ্ণবদাসকিন্ধরাঃ প্রেমভিক্ষ্কা ব্যব-হরিষ্যন্তীতি নিশ্চিতার্থঃ।

(৬) যশ্মিন্ কালে স্বয়মনন্তা বাস্থদেবরূপবৈভবং প্রকাশয়তি, তাম্মিন্ কালে লক্ষ্মীবিভবময়ী, ন তু লক্ষ্মীত্বন প্রকাশতে। অবতারে পৃথক্ত্বেন লক্ষ্মীভূরি। তদসুরূপং বৈভবং প্রকাশয়তি। যদা বনন্তগুণবিভাগং ন করোতি, দেহাৎ পৃথক্ত্বক ন দর্শয়তি, অনন্তগুণমিশ্রিতঃ স্বয়মনন্তন্বাস্থদেবরূপবৈভবং প্রকাশয়তি, তাহি বিভবময়া লক্ষ্মীঃ পত্নী, ন তু অবতারে পৃথক্ত্বে বৈভবং প্রকাশতে। বৈভবপ্রকাশে বাহবতারে ভাবকলাদয়ঃ সমুদ্যন্তি। তদ্ যথা—অবতারে

করিয়া থাকেন)। স্বে ধিষ্ণো এব (নিজের স্থানেই বা শক্তিতেই) অভিরতস্ত (সর্বান্তঃকরণে নিযুক্ত আমার) তয়া (সেই লক্ষীতে) কিম্ (কি প্রয়োজন)? (অঃ—১৯)

অনুঃ—১৯। শ্রীপৃথু মহারাজ বলিতেছেন,—হে জগদীশ!
যে লক্ষ্মীদেবীর সেবাকার্য্যে আমার ইচ্ছা, সেই জগজ্জননী লক্ষ্মীর
সহিত (আমার) বিরোধ হইতেই পারে। (কিন্তু) দীনবৎসল আপনি
তুচ্ছ সেবাকেও বহুমানন করেন। নিজ অধিকারে বা শক্তিতেই
একান্ত রত আমার তাঁহাতে (সেই লক্ষ্মীতে) কি প্রয়োজন ?

তাহা হইলেও বৈষ্ণবগণ, তাঁহাদের দাসগণ ও তদ্ভৃত্যগণ রুষ্ণ-প্রেমের ভিখারীরূপে শ্রীলক্ষীর প্রতি (অনুগতভাবে) ব্যবহার করিবেন,— ইহাই স্থিরসিদ্ধান্ত। তাবন্নগ্রন্থং ধূলিখেলনং প্রাকৃতজন-মৈত্রা, নিরাকরণন্থমিত্যাদয় এব দৃশ্যন্তে। এবং লক্ষ্মীঃ সম্পত্তিরূপা, গৃহিণী, গৃহ >-সংশ্রেয়া, বৈষ্ণবী চ সর্বেষামপ্রাপাদেয়া। ইয়ন্ত সম্পত্তিকথা ভিন্নৈব।

(%) (১) তথা চাত্যাশক্তি-রুক্মিণী-জানকী-রাধাবিবরণস্ত শৃথস্ত। যথা^২ শ্রীকৃষ্ণঃ স্বদেহাৎ সকলাঃ শক্তীরৈশ্বর্যা-² গুণাংশ্চ পৃথক্ কৃত্বা বিনোদবিলাস-বিগ্রাহেণ ব্যবহারং

⁽৬) স্বয়ং ভগবান্ শ্রীঅনন্ত বে সময়ে বাস্কদেবরূপ নিজ বিভূত্ব প্রকাশ করেন, তৎকালে শ্রীলক্ষী(৩) বিভবময়ী হন, কিন্তু (নিজ) লক্ষীসরূপে প্রকাশিত হন না; অবতারকালে পৃথগ্রূপে লক্ষী হইয়া সেই অবতারের বোগা বৈভব প্রকাশ করেন। কিন্তু, যে সময়ে (শ্রীরুষ্ণ) অনন্তণ্ডণের বিভাগ করেন না এবং দেহ হইতেও পার্থক্য প্রদর্শন করেন না, অনন্তওণে মিশ্রিত থাকিয়া নিজেই অনন্তবাস্কদেবরূপ বৈভব প্রকাশ করেন, সেই সময়ে লক্ষ্মী কেবল বিভবময়ী পত্নীরূপেই থাকেন। কিন্তু, অবতারকালে ভগবানের পৃথগ্রিগ্রহ হইলে (শ্রীলক্ষ্মী) বৈভব প্রকাশ করেন না। বৈভবপ্রকাশসময়ে বা অবতারে তাঁহার ভাব ও কলাদি সমুদিত হয়। তাহার উদাহরণ,—য়েমন অবতারসময়ে উলঙ্গভাব, ধূলিখেলা, সাধারণের সহিত বন্ধতা, প্রত্যাধ্যান প্রভৃতি দৃষ্ট হয়। এই প্রকারে লক্ষ্মী সম্পত্তিরূপা, বিষ্ণুর গৃহিণী, গৃহে আশ্রয়বতী ও বৈষ্ণুবী; (তিনি) সকলের সন্থাননীয়া। এই সম্পত্রপণী ভগবচ্ছক্তি শ্রীলক্ষ্মীর কথা পৃথক্ই বটে।

⁽১) দেহ-(ভঃ);(২) যদা (ভঃ);(৩) শক্তীর্নিঃসার্য্য (ভঃ);

⁽৪) অবতারং (ত্রীঃ, ভঃ)

কুরুতে, তথা বাজাশক্তিরপ্যেকা প্রকৃতিবৈভবাজবতারাদিসর্ববিনতাং প্রকাশ্য স্বয়ং বিলাসময়ী উদাসীনা নিগুণা
ভাবকলাবৈদগ্ধ্যাদি-পাণ্ডিত্যাজনির্বচনীয় প্রধানগুণময়ী রাধারূপাবির্ভবতি। আজাশক্তিরিয়ন্ত রাধারূপাবিরভূৎ পূর্বম্।
আত্মানমের বিলাসময়ীং কুষ্ণঞ্চ বিলাসময়মেবস্তৃতং জানাতি।
স্বয়ং পরমবৈষ্ণবী ভক্তি বলাদের জানাতি। কৃষ্ণ এবাত্মানং
সর্বাংশ্চান্তানপি জানাতীতি। স এবৈকোহ্দিতীয় ঈশ্বর
ইতি নিশ্চয়ঃ পরমরহস্যসার ইতি।

(৬) (১) আরও, আতাশক্তি, করিনী, জানকী ও শ্রীরাধার বিবরণ শ্রবণ করন। যেরপ শ্রীরুষ্ণ স্বদেহ হইতে সকল শক্তি প্রকাশ করিয়া ও সকল গুণকে পৃথক্ করিয়া বিনাদবিলাসময় বিগ্রহ লইয়া লীলা করেন, সেরূপ আতাশক্তিও অন্বিতীয়া প্রকৃতিরূপে বৈভবাদির ও অবতারাদির বনিতাসকলকে প্রকাশ করিয়া স্বয়ং বিলাসবতী, উদাসীনা, প্রাকৃতগুণ্রহিতা থাকিয়া, (শ্রীরুষণ্ধে) অনুরাগ, (নৃত্যাদি) কলা, চাতুর্য্য প্রভৃতিতে পাণ্ডিত্য প্রভৃতি বচনাতীত (অপ্রাক্ত) শ্রেষ্ঠগুণসমূহে পরিপূর্ণা শ্রীরাধিকারণে আবিভূতা হন। এই আতাশক্তি প্রথমে রাধারণে আবিভূতা হইয়াছিলেন। (তিনি) আপনাকে বিলাসময়ীই ও শ্রীরুষ্ণকে এইরূপ বিলাসময় জানেন। (তিনি) স্বয়ং পরমবৈষ্ণবী বলিয়া ভক্তিবলেই সমস্ত অবগত আছেন। নিজকে এবং অপর সকলকেও শ্রীরুষ্ণেই (অবস্থিত বলিয়া) জানেন। অথবা, একমাত্র শ্রীরুষ্ণই আপনাকে এবং অপর সকলকেও জানেন। সেই শ্রীরুষ্ণই একমাত্র অন্বিতীয় ঈশ্বর,—এই সিদ্ধান্ত পরম রহস্থের সার।

⁽১) তদা (জঃ); (২) পণ্ডিতা অনির্বহনীয়া (জঃ); (৩) বৈঞ্চবীভক্তিবলাদেব (জঃ)

পুরুষেষু যথা কৃষ্ণঃ স্ত্রীষু রাধা তথৈব হি। অস্তান্তদনুযায়িস্তো যথা পুংসোহনুযায়িনঃ ॥ ২০॥

(২) যথা গারী শক্তিরপা রাধাবয়বসস্তৃতা মহেশ-স্যাপি কদাচিত্বপদেখ্রী শ্রীকৃষ্ণস্যাগ্রে কদাচিত্বরং বব্রে,— রাধাকৃষ্ণবিহারমহং দ্রুষ্ট্রমীহে। ততশ্চ কৃষ্ণাদ্বরং লব্ধ্বা বৃদ্ধারূপেণ গোকুলে জন্ম লব্ধ্বা তৎ সর্বং দৃষ্টবতী।

আঃ—২০। পুরুষেরু (পুরুষগণের মধ্যে) ক্রফঃ যথা (এক্রিফ যেরূপ অদিতীয়) স্ত্রীয়ু (স্ত্রীগণের মধ্যে) রাধা তথৈব হি (এরাধা তাদৃশী অদিতীয়াই)। [অপর পুরুষগণ] যথা (যেরূপ) পুংসঃ (পরমপুরুষ এক্রিফের) অনুযায়িনঃ (অনুগত), [সেইরূপ] অন্তাঃ (অপর স্ত্রীগণ) তদনুযায়িন্তঃ (এরাধার অনুগতা)।

অনুঃ—২০। পুরুষগণের মধ্যে শ্রীকৃষ্ণ যেরূপ (অদ্বিতীয়); স্ত্রীগণমধ্যে শ্রীরাধা সেইরূপই (অদ্বিতীয়া)। (পুরুষগণ) যেরূপ পরমপুরুষের (শ্রীকৃষ্ণের) অনুগত, (সেইরূপ) অপর স্ত্রীগণ তাঁহার (শ্রীরাধার) অনুগামিনী।

(২) আর, শক্তিরূপা গৌরী শ্রীরাধার অবয়ব হইতে উৎপন্না, তিনি কখনও মহাদেবেরও উপদেশকারিণী। তিনি একসময় ক্লফের নিকট বর চাহিলেন,—'আমি শ্রীরাধাক্লফের বিহার দর্শন করিতে অভিলাষ করি।' তদনন্তর ক্লফের নিকট বর পাইয়া গোকুলে বৃদ্ধা-রূপে জন্মলাভ করিয়া সেই সব লীলা দেখিলেন।

- (৩) অতঃ সাপি সম্পত্তিরূপা দেহাৎ পৃথগ্ভূতেতি রাধাবিলাসাবতারান্ নো বেতি। কিম্মুদ্ধা মন্বাপি, আদিরপিণ পুমান্ নো বেতি। এতেন রাধাকৃষ্ণরহসাং মনসোহপা-গোচরমিতি তাৎপর্য্যার্থঃ। অতএব, নাজাদয়োহপি স্বত এব জানন্তি। এতদ্ ভাগবতে বিদিত্ম।
- (৪) লক্ষীশ্চ বৈকুপ্তবিভবমরী রাধাসাম্যং ন লভত ইতি শ্রীমন্তাগবতে বহুশ্লোকাঃ। যথা (১০।৪৭।৬০)— নারং প্রিয়োহঙ্গ উ নিভান্তরতেঃ প্রসাদঃ স্বর্যোষিতাং নলিনগন্ধরুচাং কুতোহন্তাঃ। রাসোৎসবেহস্ত ভুজদগুগৃহীতকণ্ঠ-লক্ষাশিষাং য উদগাদু জম্মুন্দরীগাম্॥ ইত্যান্তাঃ॥২১॥
- (৩) অতএব, তিনিও (গোরীও) সম্পত্তিরপা (অর্থাৎ পূর্ব্বোক্ত সম্পত্তির অন্তর্গতা), (প্রীরাধিকার) দেহ (অর্থাৎ রাধার অঙ্গবিভূতি লক্ষ্মীগণ) হইতে পৃথক্স্বরূপা;—এইহেতু প্রীরাধার বিলাস ও অবতারগণকে (লক্ষ্মী ও মহিষ্মীগণকে) জানেন না। আর অধিক বিচারে প্রয়োজন কি—আদিপুরুষও (প্রথম পুরুষাবতার প্রীমহাবিষ্ণুও) জানিতে পারেন না। ইহা দ্বারা প্রমাণিত হয় যে, রাধারুষ্ণের পূতৃতত্ত্ব অন্তর্যামী প্রমাত্মারও অগোচর,—ইহাই তাৎপর্যা। অতএব, ব্রহ্মাদিও আপনা হইতে জানিতে পারেন না,—ইহা প্রভাগবতে অবগত হওয়া যায়।
- (৪) বৈকুণ্ঠবিভবময়ী শ্রীলক্ষীও রাধার সমতা লাভ করেন না,—এই বিষয়ে শ্রীমদ্ভাগবতে বহু শ্লোক আছে, যথা—

⁽১) মনোহপি আদিরপি (ভঃ)

গুণময্যঃ স্থ্রিয়ঃ সর্কাঃ পুমাংসশ্চ গুণোন্ডবাঃ। রাধা তু নিগুণা ক্লফো নিগুণঃ সমতা কথম্॥ ২২॥

স্থান্থ বিশ্ব বিশ্ব প্রান্ত বিশিষ্ট । স্থা (এই শ্রীক্ষের)

ভুজদণ্ডগৃহীত-কর্চলরাশিষাং (বাহুযুগলদারা আলিঙ্গিত-কন্ঠ পূর্ণকাম)

ব্রজম্বনরীণাম্ (বুন্দাবনবাসিনীগণের) যঃ প্রসাদঃ (যে প্রসাদ) উদগাৎ
(উদগত বা আবিভূতি হইয়াছিল), স্বয়ং (এই স্বয়গ্রহ) স্বঙ্গে (বক্ষো-দেশে) নিতান্তরতেঃ (একান্তভাবে স্বাস্ত্ত) শ্রিয়ঃ (লক্ষ্মীর) ন (হয়্মনাই); নিলনগন্ধরুচাম্ (প্রের গ্রায় গন্ধ ও কান্তি-বিশিষ্ট) স্বর্যোষিতাং (স্বর্গের দেবীগণের) [ন—হয় নাই]; স্ব্যাঃ (স্বপর মানবী-প্রভৃতি)

কুতঃ (তাহা কোথা হইতে পাইবে)?

আই—২২। সর্কাঃ স্ত্রিয়ঃ (ব্রহ্মাণী প্রভৃতি সকল স্ত্রীজন) গুণময়াঃ (মায়াগুণযুক্ত) পুমাংসক্ষ (এবং ব্রহ্মাদি পুরুষগণ) গুণোদ্রবাঃ (মায়াগুণ-স্তু)। রাধা তু (কিন্তু, শ্রীরাধিকা) নির্গুণা (প্রাক্কতগুণহীনা), ক্ষণঃ নিগুণঃ (এবং শ্রীকৃষণ্ড প্রাক্কতগুণাভীত)। (অতএব) সমতা কথম্ (তাঁহাদের মধ্যে সমতা কির্পে হইতে পারে)?

অনুঃ—২১৷ রাসোৎসবে ইহার (শ্রীকৃষ্ণের) বাহুযুগলদারা আলিঙ্গিতকণ্ঠ, পূর্ণকাম ব্রজরমণীগণের প্রতি যে প্রসাদ প্রকটিত হইয়াছিল, এই প্রসাদ একান্তভাবে বক্ষোবিলাসিনী শ্রীলক্ষ্মীদেবীর প্রতি হয় নাই, পদ্মের গন্ধ ও কান্তিবিশিষ্টা স্বর্গের দেবীগণের হয় নাই; অপরে (মানবী প্রভৃতি) তাহা কোথা হইতে পাইবে?

রাধা চ নিগুণময়ী কুষ্ণোইপি নিগুণঃ স্মৃতঃ॥২৩॥ ন কথং সাম্যং ভবিশ্বতি* ?

- (৫) কিন্তু, বৈকুণ্ঠবিভবে লক্ষ্মীঃ সর্বাধিকারিণী সর্বদেব-শিরোরত্নভূতা বৈকুণ্ঠনাথস্য পরমপ্রেয়সা, বৈকুণ্ঠনাথোহপি তস্যাং লম্পটঃ।
- (৬) তম্মাদ্বিলাসবিনোদাবতারেহিপি সর্বনিরপেক্ষভাবেচ্ছা যদা ভবতি তদৈব রাধাসঙ্গং কুরুতে। অতএব, দ্বাদশ-ত্রয়োদশবর্ষাভ্যন্তর এব বৃন্দাবনেহিপি মাতাপিতৃসঙ্গং ত্যক্ত্বা

অঃ—২৩। রাধা চ (শ্রীরাধাও) নির্গুণময়ী (ত্রিগুণাতীতা), কুষ্ণোহিপ (কুষ্ণুও) নির্গুণঃ (ত্রিগুণশূসূ) স্মৃতঃ (বলিয়া কথিত)।

অনুঃ—২২। ব্রহ্মাণী প্রভৃতি সকল স্ত্রীজন মায়াগুণযুক্ত এবং ব্রহ্মাদি পুরুষগণ মায়াগুণস্ফ। কিন্তু, শ্রীরাধিকা প্রাকৃত-গুণাতীত এবং শ্রীকৃষ্ণও প্রাকৃতগুণাতীত। (অতএব, এই ছুই শ্রেণীর মধ্যে) সমতা ক্রিপে হইবে ?

অনুঃ—২৩। শ্রীরাধাও নিগুণময়ী, শ্রীকৃষ্ণও নিগুণ বলিয়া কথিত।

অতএব (ইহাদের—শ্রীরাধাকৃষ্ণের) সমতা কেন হইবে না ?

(৫) কিন্তু, বৈকুঠের ঐশ্বর্য্যপ্রকাশে লক্ষীই সমস্তের অধিকারিণী, সকল দেবতার মস্তকের মণিস্বরূপা, বৈকুঠনাথ নারায়ণের প্রম-প্রিয়ত্মা, বৈকুঠনাথও তাঁহাতেই অমুরক্ত।

^{* &#}x27;'রাধা-····ভবিশ্বতি ?'' (ভঃ) পুস্তকে নাই।

উদাসীনঃ পরমহংসঃ সবৈরেব সক্তৈনিগৃঢ়ো নিগৃঢ়বনৈরপি নিগৃঢ়ো রমতে। তত্তিব যদি কদাচিদেবান্যকার্য্যং পততি তর্হি ব্যবহার-সম্মতানৈশ্বর্য্য-শোর্য্য-চাতুরীপ্রবন্ধাংশ্চতুর-শিরোমণিঃ কুরুতে।

- (৭) তত্মাদ্বিচার্য্যতাং স্বচেত্সি রাধাকুষ্ণবিবরণং কিমিবা-নির্বচনীয়ং বস্তু; পরম-প্রেমময়ং সকলরসসম্পূর্ণং পরমানন্দ-স্বরূপমূত্তমভাগবত-পরমহংসানাং জীবনম্। নাতঃ পরঃ শ্রেয়ঃপ্রকাশঃ কদাচিদপি লভ্যতে; অনেকজন্মভাগ্যো-দয়ৈরেব কদাচিৎ শ্রবণভাগ্যঃ শ্রেয়তে।
- (৬) অতএব, লীলাস্কখ-আস্বাদনের নিমিত্ত অবতারসময়েও (এক্সঞ্চের) যখন সর্কানিরপেক্ষ প্রেমের (প্রেমাস্বাদের) কামনা হয়, তখনই (তিনি) প্রীরাধার সঙ্গ করেন। অতএব, বৃন্দাবনেও (প্রীক্রম্বর) দ্বাদশ ও ত্রয়োদশ বর্ষের অভ্যন্তরেই মাতা ও পিতার সঙ্গ ত্যাগ করিয়া, সকল সঙ্গের অদ্গ্র হইয়া ও নিবিড় বনে আবৃত হইয়া (অপরের প্রতি) উদাসীন (নিরপেক্ষ) পরমকামদেবরূপে বিহার করেন। তাহাতেই যদি কোন দিন অন্য কার্ম্য উপস্থিত হয়, তখন চতুরশিরোমণি ব্যবহার-সন্মত ঐশ্বর্য্য, বীর্য্য ও চাতুরী বিস্তার করিয়া থাকেন।
- (৭) অতএব, নিজচিত্তে বিচার করুন,—শ্রীরাধার্ক্ষের (লীলার) বিবরণ (বর্ণনা) কি এক বচনাতীত বিষয়! ইহা প্রমপ্রীতিপূর্ণ, সকলরসে সম্পূর্ণ, প্রমানন্দ-স্বরূপ ও উত্তমভাগবত প্রমহংসগণের জীবন। ইহা অপেক্ষা শ্রেষ্ঠ নিত্যমঙ্গলের প্রকাশ কখনও পাওয়া যায় না; অনেক জন্মাজিত সৌভাগ্যের পরিপাকে কখনও শ্রবণের ভাগ্য উপস্থিত হইলে শ্রবণ হইয়া থাকে।

(৮) রাধাসোভাগ্যাধিক্যং কিং বা বর্ণতে ? পশ্য পশ্য, রুক্মণ্যাদি-সকলমহিষী-সকলসোভাগ্যবিদপি রাধাভাবং গোপী-ভাবঞ্চ বিলোক্য শ্রীমন্ত্রনবো যথাভূৎ, তৎ সর্বং শ্রীমন্তাগবতে বেগুম্। সকলমহিষীভাবং বিশ্বতবান্, দাসানাঞ্চাত্মবদ্জলানামকিঞ্চনতাং দৃষ্টবান্। (ভাঃ ১০।৪৭।৫৮)—
এতাঃ পরং ভন্তভূতো ভুবি গোপবধ্বো
গোবিন্দ এব নিখিলাত্মনি রুদ্ভাবাঃ।
বাঞ্জি যদ্ভবভিয়ো মুনয়ো বয়ঞ্চ
কিং ব্রহ্মজন্মভির্মনন্তকথারসস্থ ॥* ইত্যাদি॥ ২৪॥

(৮) শ্রীরাধার সৌভাগ্যের আতিশয় কিই বা বর্ণন করা যায় ? দেখুন, শ্রীমত্ব্বর মহাশয় শ্রীরুক্মিণী-প্রভৃতি সকল মহিষীর সর্বপ্রকার সৌভাগ্য বিদিত হইয়াও শ্রীরাধার ও গোপীগণের অনুরাগ-দর্শনে যেরূপ হইয়া-ছিলেন, সেইসকল শ্রীমদ্বাগবতে অবগত হওয়া যায়। (তিনি) সকল মহিষীগণের ভাব (প্রেমের কথা) বিশ্বত হইয়াছিলেন এবং নিজতুল্য ভক্তদাসগণের তুচ্ছতা (দৈশ্য) বুঝিতে পারিয়াছিলেন।

অঃ—২৪। নিখিলাত্মনি (সমগ্রবিশ্বের আত্মা) গোবিদের (প্রিক্ষের) রাচ্ভাবাঃ (পরমান্তরাগবতী) এতাঃ গোপবধ্বঃ এব (এই গোপপত্মীগণই) ভুবি (পৃথিবীতে) পরং (কেবল) তন্তভুতঃ (সার্থক-দেহধারিণী)। ভবভিয়ঃ (মুমুক্ষুগণ), মুনয়ঃ (মুক্তগণ) বয়ঞ্চ (এবং আমরা ভক্তগণ) [তাহাদের] যৎ (যে অনুরাগ) বাঞ্জি (ইচ্ছা করি)। অনন্তকথারসম্ম (কৃষ্ণকথা-রিসিকের) ব্রক্ষজন্মভিঃ (বিবিধ ব্রাক্ষণজন্ম বা বহু ব্রক্ষজন্মে) কিম্ (কি প্রয়োজন)?

^(:) সকলমহিষীং (এঃ); * এই শ্লোকটা (ভঃ) পুস্তকে নাই।

(৯) স্বয়ং ব্রহ্মণাপি গোকুলগোপিকানাং সম্বন্ধে যথোক্তং তদপি বিদিতম্। তথা চ, শ্রীনারদঃ কদাচিদ্ দারকামাগত্য রাধারহস্যং পৃষ্টবান্। তদিং স্বয়ং প্রভুঃ কথয়ং-স্তমেব ভাবং স্মারং স্মারং প্রেমবিমোহিতঃ সাদরং নারদং গোকুলং প্রেষয়ামাস। শ্রীনারদস্ত রাধাভাবং বিলোক্য তত্র চ কৃষ্ণভাবং বিলোক্যাত্মানং বিস্মৃতবান্। শ্রীরাধাং কৃষ্ণঞ্চও সন্দৃশ্য রাধাক্ষপ্রশংসয়াত্মানঞ্চও প্রেমবিহরলঃ কৃতার্থং মেনে। কৃদ্মিণ্যাদি-মহিষীণাঞ্চ ভাবে। ক তথেতি বিচারিতবান্। তথা চঙ্গ শ্লোকঃ কোহিপি পৌরাণিকঃ,—

অনুঃ—২৪। সমগ্র বিশ্বের আত্মা শ্রীকৃষ্ণে পরমানুরাগবতী এই গোপবধূগণই পৃথিবীতে কেবল (সার্থক-) দেহধারিণী। (তাঁহাদের) সেই অনুরাগ মুমুক্ষুগণ, মুক্তগণ এবং আমরা ভক্তগণ বাঞ্ছা করি। কৃষ্ণকথা-রসিকের ত্রিবিধ ব্রাহ্মণজন্মে বা বহু ব্রহ্ম-জন্মে কি প্রয়োজন ?

(৯) স্বয়ং ব্রহ্মাও গোকুলের গোপীগণের বিষয়ে যাহা বলিয়াছেন, তাহাও (প্রীভাগবতে) বিদিত আছে। আরও, দেবর্ষি প্রীনারদ একদা দারকায় আসিয়া প্রীরাপার গূঢ় তত্ত্ব জিজ্ঞাসা করিলেন। স্বয়ং প্রভু প্রীকৃষ্ণ সেই তত্ত্ব বলিতে বলিতে সেই প্রেম পুনঃ পুনঃ স্বরণ করিয়া, প্রেমে মুগ্ধ হইয়া প্রীনারদকে সাগ্রহে গোকুলে প্রেরণ করিলেন। শ্রীনারদ প্রীরাধার ভাব ও তাঁহাতে (প্রীরাধার প্রতি) প্রীকৃষ্ণের ভাব দেখিয়া আপনাকে

⁽১) গোকুলগোপীনাং (ভঃ); (২) তহি (ভঃ, ত্রীঃ); (৩) ত্রীরাধাকৃষ্ণ (ভঃ, ত্রীঃ);

⁽৪) স-সংশ্যাত্মানঞ্চ (শীঃ); (৫) ভাবং (শীঃ); (৬) (শীঃ) পুস্তকে নাই।

রত্নচ্ছায়াচ্ছুরিভজনধৌ মন্দিরে দারকায়াং রুক্মিণ্যাপি প্রবল পুলকোন্ডেদমালিঙ্গিভস্ত। বিশ্বং পায়াশ্বস্থাতীর-বানীরকুঞ্জে আতীরন্ত্রী-নিভ্তচরিভধ্যানমূর্চ্ছা মুরারেঃ॥ ২৫॥

(১০) অশুচ্চ, যত্র যত্র বিলাসবিনোদং লাম্পট্যং বা শ্রীকৃষ্ণঃ করোতি, তত্র তত্ত্বৈর রাধাধ্যানমের জাগ্রদ্রপম্; তেনৈর নির্ভঃ। অশুত্র কার্য্যানুরোধে কপট্টমত্রী

বিশ্বত হইলেন। (তিনি) শ্রীরাধাক্তফকে অবলোকন করিয়া শ্রীরাধাক্তফের গুণ গান করিতে করিতে, প্রেমে অধীর হইয়া আপনাকে কৃতার্থ মনে করিলেন। শ্রীকৃক্মিণী প্রভৃতি মহিষীগণের প্রেম তদ্ধপ নহে,—এইরূপ বিচার করিয়াছিলেন। (ঐ বিষয়ে) এক পৌরাণিক শ্লোক আছে,—

তাঃ—২৫। দারকায়াং (দারকা পুরীতে) রত্নচ্ছায়াচ্ছরিতজলধৌ
মন্দিরে (রত্নের প্রভায় সমুদ্রের রঞ্জনকারী গৃহে) রুক্মিণ্যাপি (রুক্মিণীকর্ত্বকও) প্রবলপুলকোদ্রেদং (বিপুল পুলক-প্রকাশ-সহকারে)
আলিঙ্গিতভা (আলিঙ্গিত) মুরারেঃ (শ্রীক্রন্ফের) মন্থণযমুনাতীর-বানীরকুঞ্জে
(স্লিগ্ধ-যমুনার তীরস্থিত বেতসকুঞ্জ-মধ্যে) আভীরস্ত্রী-নিভৃত-চরিতধ্যানমূর্চ্ছা (গোপবনিতাগণের গুপ্তলীলাসমূহের চিন্তাজনিত মোহ) বিশ্বং
(বিশ্বকে) পায়াৎ (রক্ষা করুক্)।

অনুঃ—২৫। দারকাপুরীতে রত্নপ্রভাদারা সমুদ্রের রঞ্জনকারী গৃহে শ্রীরুক্মিণীদেবী-কর্তৃকও বিপুল-পুলকোদগম বিস্তার-পূর্বক আলিঙ্গিত শ্রীকৃষ্ণের স্নিশ্বযুনা-তীরে বেতসকুঞ্জ-মধ্যে গোপন্ত্রীগণের গোপনলীলার চিন্তাজনিত মোহ বিশ্বকে রক্ষা করুক্।

(জ্ঞাতব্যা)। এতেন জ্ঞাতব্যঃ,—শ্রীকৃষ্ণশু বৃন্দাবনরাসাবিধি প্রকাশ এবাবতার ইতি (সারমিতি) ব্যক্তার্থঃ।
রাধেতি কিমিদং নাম বিধিনা কেন নির্মিত্য।
সর্বেশ্বরো হি যঃ কৃষ্ণো যস্তাঃ কিঙ্করদাসবং॥ ২৬॥
রাধেতি মোহনং নাম ন জানে কৃত আগত্য।
যতৈশ্বর্যাময়ং কৃষ্ণং শৃঙ্গারেঃ কৃতি আগত্য।

(১০) আরও,—শ্রীকৃষ্ণ যেখানে যেখানে বিলাসানন্দ বা লাম্পট্য করেন, সেই সেই স্থানেই শ্রীরাধার চিন্তাই উজ্জলরূপে জাগ্রত থাকে, তাহাতেই তিনি স্থা। অন্ত স্থলে কার্য্যান্তরোধে তাঁহার ক্রতিম বন্ধুতা জানিতে হইবে। শ্রীকৃষ্ণের শ্রীবৃন্দাবনে রাসলীলা-পর্যান্ত প্রকাশই (শ্রীকৃষ্ণ-) অবতার-(সার);—ইহাই স্পষ্টার্থ।

আঃ—২৩। রাধা (খ্রীরাধা) ইতি ইদং (এই বস্তুটী) কিং নাম (কিই বা হইতে পারে)? কেন বিধিনা (কোন্ বিধাতা-কর্তুক) নিশ্মিতম্ (গঠিত হইয়াছে)? হি (কেন না), যঃ রুষ্ণঃ (যে খ্রীরুষ্ণ) সর্বেশ্বরঃ (সকলের ঈশ্বর বা প্রভু) [তিনি] যস্তাঃ (যেই খ্রীরাধার) কিন্ধরদাসবং (তুচ্ছ-কর্ম্মকারী ভূত্যের তুল্য)।

আঃ—২৭। রাধা ইতি ('শ্রীরাধা'—এই) মোহনং নাম (চিত্তাকর্ষক নাম) কুতঃ (কোথা হইতে) আগতম্ (আসিয়াছে),—ন জানে (জানি না); [সেই নাম] ষড়েশ্বর্য্যময়ং (সমগ্র ঐশ্বর্য্য, বীর্য্য, যশঃ, শ্রী, জ্ঞান ও বৈরাগ্যদারা পূর্ণরূপে শোভমান) কৃষ্ণম্ (শ্রীকৃষ্ণকে) শৃঙ্গারৈঃ ধনৈঃ (মধুরপ্রেমরূপ ধনের দারা) ক্রীতবং (ক্রয় করিয়াছেন)।

⁽১) বৃন্দাবনরাধাবধি-(এঃ); (২) (এঃ) পুস্তকে নাই; (৩) কৃষ্ণস্তস্তাঃ (এঃ);

⁽৪) व्यवानि (७:); (৫) मटेर्क्व १ वर्ग मशः (७:); (७) मृङ्गादत (७:)

হা হা নিক্ষরুণা রাধা ক গতা গুণবিগ্রহা। গুণসম্ব্যে বহুস্থানে লব্ধা ভ্রমিতবান্ প্রভুঃ॥ ২৮॥

(১১) পশ্য পশ্য, নিগৃঢ়াতিনিগৃঢ়ং নিরূপ্যতে,—
সকলেন্দ্রিঃ সাবধানা মহান্তঃ পরমমঙ্গলং রহস্যং শৃথন্ত।
শ্রীকৃষ্ণচৈতন্যদেবঃ প্রকটপরমানন্দ-বিগ্রহোহপি সর্বাবতারসারভূতোহপি সর্বাবতারশক্তি-প্রকাশসমর্থোহপি সর্বা-

অঃ—২৮। হা হা হোর হার,)! গুণ-বিগ্রহা (অপ্রাক্ত গুণ-রূপিনা) রাধা (খ্রীরাধিকাকে) লব্ধা (প্রাপ্ত হইয়াছিলাম); [কিন্তু, শ্রীরাধা] নিক্ষকণা (করুণাশূলা হইয়া) ক গতা (কোথায় গেল ?) [এই বলিয়া] গুণসংখ্যে (খ্রীরাধাগুণ-কীর্ত্তনময়) বহুস্থানে (অনেক স্থানে) প্রভুঃ (প্রভু শ্রীকৃষ্ণ) ভ্রমিতবান্ (ভ্রমণ করিয়াছিলেন বা মৃচ্ছিত হইয়াছিলেন)।

অনুঃ—২৬। 'রাধা'—এই বস্তুটী কিই বা হইতে পারে ? কোন্ বিধি ইঁহাকে গঠন করিয়াছেন ? কেন না, যে শ্রীকৃষ্ণ সর্বেশ্বর, (তিনি) সেই রাধার অতি তুচ্ছ কর্মকারী ভৃত্যসদৃশ।

অনুঃ—২৭। 'রাধা'—এই মোহন নাম কোথা হইতে আসিয়াছে, জানি না। (সেই নাম) ষড়ৈশ্বগ্যময় কৃষ্ণকৈ মধুর-প্রেমরূপ ধনের দ্বারা ক্রয় করিয়াছেন।

অনুঃ—২৮। হায়! হায়! অপ্রাকৃত গুণরাশির মূর্ত্ত-বিগ্রহ শ্রীরাধাকে পাইয়াছিলাম, (কিন্তু, রাধা) কোথায় গেল ? —(এই বলিয়া) রাধাগুণকীর্ত্তনময় বহু স্থানে ভগবান্ ভ্রমণ করিয়াছিলেন।

⁽১) নিগ্ঢ়াতিগৃঢ়ঞ্ছ (ভঃ)

বতারব্যক্তয়ে দাসদাসীসঙ্গবানপি রাধাসঙ্গপ্রকাশং ন কৃতবান্। অস্থা সর্বাবতারপ্রকাশত্বং সর্বৈরেব নিশ্চিত-মাস্তে। তথাপি রহস্থামেকং যুক্তমেব শ্রেম্বতাম্। শ্রীকৃষ্ণঃ সকলবিলাস-বিনোদরূপ-কৈশোরাদিগুণসম্পন্নোহপি শ্রীণাং বনচরীণাং মোহনং চকার; কিমেতৎ ? শ্রীকৃষ্ণচৈত্যস্ত কৌপীনধারী দীনবেশঃ সন্ন্যাসাশ্রমালঙ্গতোহত্যন্তর্হদন্তিং গ্রেম্বিলং মহার্মভন্তদ্রিদ্দিশং বিষয়ান্ধং কুযোগিনং জড়মজন্মমন্তাপং পাপং চণ্ডালং যবনং মূর্থং কুলক্তিয়প্ত প্রেম্সিক্রেমি পাতয়ামাস; আনন্দেন বৈকুপ্রোপরি স্থাপয়ামাস। কেবলং প্রেম্ধার্টয়ব সর্বেষামাশ্রং

(১১) দেখুন, দেখুন,—অতি গুহু হইতেও গুহুতর বিষয় নির্মাণত হইতেছে,—সর্বেজিয়ে অবহিত হইয়া মহাজনবর্গ পরমকল্যাণ-স্বরূপ গৃঢ়তত্ত্ব শ্রবণ করুন। শ্রীকৃষ্ণটৈতহ্যদেব সাক্ষাৎ পরমানন্দমূর্ত্তি, সকল অবতারের সারস্বরূপ, সকল অবতারের সর্ব্ববিধ-শক্তির প্রকাশে সমর্থ, সকল অবতারের প্রকাশার্থ (সেই সেই অবতারামুরূপ) দাসদাসাসমন্তিত হইয়াও শ্রীরাধার সাহচর্য্য প্রকাশ করেন নাই। তাঁহাতে সকল অবতারের প্রকাশময় ভাবসকল তত্ত্তক্ত-কর্তৃকই নির্দ্ধারিত হইয়াছে। তাহা হইলেও যুক্তিসিদ্ধ এক রহস্ত শ্রবণ করুন। শ্রীকৃষ্ণ সমস্ত বিলাস, বিনোদ, রূপ ও কৈশোরাদি গুণ-সম্পন্ন হইয়াও বন্দরী রমণীদিগের

⁽১) 'বাক্তয়ে' (ভঃ) পুস্তকে নাই; (২) ব্যক্তমেব (ভঃ);

⁽৩) 'গুণসম্পনোহপি' স্থলে 'সম্পূর্ণোহপি' (ভঃ); (৪) 'তুর্দ্দান্তং' (ভঃ) পুস্তকে নাই;

⁽e) মহাব্যভাদূদ্ধ ক্লিড়ং (ভঃ); (৬) 'পাপং' (ভঃ) ও (এীঃ) পুস্তকে নাই।

শোধিতবান্, আসুরভাবঞ্চ চুর্নিতবান্ই। কিমন্তদা বহু বক্তবাং ? পুরুষান্ এব প্রকৃতিভাবং নিনায়। শ্রীকৃষ্ণ- চৈতন্তভাবকলা-মোহিতাঃ শ্রীগদাধরপণ্ডিত-ভাবদর্শনসমুদিত-গোপীগণভাবা বেদান্তিনোহপি বিষয়িণোহপি প্রকৃতিভাবৈর্নভূঃ। বৈষ্ণবানাং কা কথা ? তথাপি রাধেতি নাম রূপঞ্চ ব্যক্তং ধরণীমগুলে ন প্রকাশিতবান্। শ্রীরাধা শ্রীগদাধরপণ্ডিত এব, সকলচরিত্রভাবঞ্চ প্রশস্ত সৈর্বিখ্যাতঃ। তথাপি নাম তস্তাপি রূপঞ্চ নিগৃঢ়ং কৃতম্। ভাবৈস্ত রাধাকৃষ্ণমেব গীতবান্; রাধাকৃষ্ণং বিনা কিমন্তং ন বোধয়ামাস। রাধাকৃষ্ণভাবময়ং জগদেব কৃতং, তদেব সম্প্রকাশিতবান্ই। রাধানাম্বঃ শ্রবণাৎ স্মরণাদ্বিলপিতবান্, রুদিতবান্, প্রামানিত্রান্ই, তথাপি সংগোপিতবানেব।

চিত্তাকর্ষণ করিয়াছিলেন,—ইহাই বা কিরপ ? কিন্তু, প্রীরুষ্ণ চৈত্ত তথ কৌপীনধারী, দীনবেশ, সন্মাসাশ্রমে ভূষিত হইয়া অতীব তুর্দমনীয় বলবান্কে, মহাব্যের তায় অতীব ক্লেশে পরাজেয় (অতীব তুরারোহ) অধ্যাত্মবাদীকে, বিষয়ান্ধকে, কুযোগীকে, জড়জনকে, অজস্র মত্যপায়ীকে, পাপী চণ্ডালকে, যবনকে, মূর্থকে এবং কুল-রমণীগণকেও প্রেমসমুদ্রে নিমগ্ন করিয়াছিলেন; আনন্দের সহিত বৈকুঠের উপরিভাগে গোলোকে স্থাপন করিয়াছিলেন। কেবল প্রেমধারা-দারাই সকলের চিত্ত শোধন করিয়াছেন এবং তাহাদের আস্থর ভাবসমূহ বিচূর্ণ করিয়াছেন। অধিক কি আর বলা যাইতে পারে;—পুরুষদিগকেও প্রকৃতিভাবে বিভাবিত করিয়াছেন।

⁽১) চুণীকৃতবান্ (ভঃ); (২) রসং প্রকাশিতবান্ (ভঃ); (৩) লক্ষিতবান্ (ভঃ)

(১২) শ্রীগদাধরপণ্ডিতস্ত যথা শ্রীকৃষ্ণতৈত্ত্যঃ সর্বা-বতারপ্রকাশভূমিস্তথা সকলবৈভবময়-শ্রী->সমূহপ্রধানভূতঃ। যথা শ্রীকৃষ্ণচৈতত্যো নিগুণস্তথা পণ্ডিতোহপি নিগুণঃ। এতয়োরেব দৈহিকতামৈত্রী। নিগুণ-গুণনোমৈত্রী ছিন্ন-ভিন্না^৩। ততস্তত্তৈব⁸ পণ্ডিতদেহে রাধাভাবেন বিলাসং কুরুতে। বৈভবপক্ষচাতুর্ঘ্যে লক্ষ্মী, রুক্মিণী, সীতা,

শ্রীকৃষ্ণচৈতন্তের ভাব-বিভূতিতে বিমোহিত হইয়া (এবং) শ্রীগদাধর পণ্ডিতের ভাবদর্শনে গোপীগণের ভাবোদয়-বিশিষ্ট সকল বেদাস্তী ও বিষয়ী লোকেরাও প্রকৃতির ভাবে নৃত্য করিয়াছিলেন। বৈষ্ণবগণের আর কথা কি? তাহা হইলেও 'রাধা' এই নাম ও (ইহার) রূপ স্পষ্টভাবে পৃথিবীতে প্রকাশ করেন নাই। শ্রীগদাধর পণ্ডিতই শ্রীরাধা বলিয়া (মহাপ্রভুর) নিজগণকর্তৃক (তাঁহার) সকল চরিত্র ও ভাবের প্রশংসাপূর্বক বিশেষভাবে প্রচারিত হইয়াছেন। তথাপি, তাঁহার নাম এবং রূপও বিশেষরূপে গোপনে রাখা হইয়াছে। কেবল অমুরাগ-ভরে শ্রীরাধাক্ষেরই কীর্ত্তন করিয়াছেন, (কাহাকেও) শ্রীরাধাকৃষ্ণ ব্যতীত অপর কাহাকেও (তত্তকে) বুঝান নাই। (সমগ্র) জগৎকে শ্রীরাধাক্ষের ভাবময়ই করিয়াছেন এবং তাহাই সম্যগ্রূপে প্রকাশ করিয়াছেন। জীরাধার নামের শ্রবণে ও স্মরণে বিলাপ, রোদন, প্রমোদ ও নৃত্য করিয়াছেন, তথাপি (তাঁহাকে) সংগোপনই করিয়াছেন।

শ্রীগদাধর পণ্ডিতও সেইরূপ সকল বৈভবময়ী লক্ষ্মীসমূহের প্রধান স্বরূপ।

⁽⁵⁾ 图 (图:);

⁽২) পণ্ডিত এব (শীঃ); (৩) ছিন্না ভিন্না (শীঃ);

⁽৪) স্তরাং (ভঃ) ; (৫) অন্তত্র বৈভবপক্ষে (শীঃ, ভঃ)

কাত্যায়নী প্রমপ্রেয়নী; সর্ব্যান্ত পণ্ডিত এব। কিঞ্চ, গুণিগুণিনোর্ট্রেরী নিগুণস্থাগুণস্থ চ গাঢ়ানুরাগাদ্ তবিত। সগুণনিগুণিয়ার্ট্রেরী গাঢ়ানুরন্ধা ন স্থাৎ। শ্রীকৃষ্ণস্থৈব সর্বশক্তিমন্ত্রা সর্বত্র মৈত্রী ঘটতে; তাদৃশং নানামত্র বৈভবচাতুর্যোণ সম্পত্যতে, ন তু (তৎ) সহজম্। কৃষ্ণস্থোদাসীনভাবেন বিলাসবিনোদময়-সকলস্বভাবস্তেন রাধাকৃষ্ণমিলনমের সত্যম্। তথা শ্রীকৃষ্ণচৈতন্ত্র-গদাধর-পণ্ডিত্র-মিলনম্ (এব সত্যম্) ইতি। ভক্তানামিদমেব্রু সত্যং জীবনঞ্চেতি। (কৈর্যদি প্রকারান্তর্মিলনং মন্ত্রেত্র,

প্রীক্ষটেততা যেরপ নির্গণ (প্রাক্তগুণের সম্পর্কহীন), শ্রীগদাধর পণ্ডিতও তাদৃশ নির্গণ। শারীরিক সম্বন্ধগত মৈত্রী কেবল এই উভয়েরই। নির্গণের সহিত প্রাক্ত গুণবানের সৌহার্দ্য ছিন্ন ও ভিন্ন হয় অর্থাৎ স্থায়ী হয় না। অতএব, রাধাভাবহেতু (ভগবান্) সেই পণ্ডিতের দেহেই বিলাস করিয়া থাকেন। বৈভবপক্ষ-চাতুর্য্য-বিষয়ে লক্ষ্যী, কর্মিণী, সীতা, কাত্যায়নী প্রভৃতি (শ্রীক্ষঞ্চের) পরমপ্রেয়সী; কিন্তু পণ্ডিতই সর্ব্বময়। আরও,—প্রাক্ত গুণবানের সহিত অপর ঐ প্রকার গুণীর, এবং নির্গুণ জনের সহিত অপর নির্গণের সোহার্দ্য গাঢ় অনুরাগপূর্ণ হইয়া থাকে। কিন্তু, সগুণের সহিত নির্গুণের মৈত্রী গাঢ়রূপে সংবদ্ধ হয় না। সর্ব্বশক্তিমন্তা-হেতু শ্রীক্ষঞ্চেরই সর্বস্থানে মৈত্রী সন্তব হয়। ঐরপ মৈত্রী বিবিধ অভীপ্সিত বৈভবচাতুর্য্য-হারা সংঘটিত হয়, কিন্তু,

⁽১) গাঢ়ামুরাগা (ভঃ); (২) তদপি (ভঃ); (৩) (ত্রীঃ) পুস্তকে নাই;

⁽৪) (শীঃ) পুস্তকে নাই; (৫) ভক্তানাং মিলনমেব (ভঃ)

তে অদৃশ্যা অস্পৃশ্যাশ্চ, গৌরহরিচরণতামরসং ন প্রাপ্রবিষ্ট ।) বিষয়িণাং পৌরাণিকানাং কুপণ্ডিতানাং বহুপ্রলাপবাদিনাস্ত ভিন্নভিন্নৈব মতিরিতি, হা হা তেষাং দৌর্ভাগাম্! হা হা তেষাং মহান্ প্রলয়ঃ! তম্মাজ্জগতি ভক্তা এব চতুরা, ভক্তা এব ধন্যা, ভক্তা এব পণ্ডিতা, ভক্তা এব গুণিনো, ভক্তা এব স্থানো, ভক্তা এব নির্ভয়াঃ। ত প্রব স্থাং যুগে যুগে জীবন্ত, হতভাগ্যং জনং দর্শন-স্পর্শনালাপেঃ কুতার্থীকুর্বন্ত ।

(তাহা) সহজ অর্থাৎ স্বাভাবিক হয় না। রুফের সমগ্র স্বভাবটী (অন্ত-) নিরপেক্ষরপে বিলাসবিনাদময়, সেইহেতু শ্রীরাধারুফের মিলনই সত্য বস্তু। তদ্ধপ শ্রীরুফটেতন্ত ও শ্রীগদাধর পণ্ডিতের মিলনও (সত্য)। ইহাই ভক্তগণের নিকট যথার্থ বস্তু এবং জীবনও বটে। (কেহ কেহ যদি ইহাদের অন্ত প্রকার মিলন চিন্তা বা মনে করে, তাহা হইলে তাহারা দর্শন ও স্পর্শনের অযোগ্য এবং তাহারা শ্রীগৌরহরির চরণপদ্ম পায় না।) কিন্তু বিষয়াসক্ত, (ব্যবসায়ী) পুরাণ-পাঠক, কুপণ্ডিত ও নানাপ্রলাপকারিগণের বুদ্ধি পৃথক্ পৃথক্ই হয়। হায়! হায়! তাহাদের ত্রদৃষ্ট! হায়! হায়! তাহাদের মহা-সর্বনাশ! অতএব, জগতে ভক্তগণই চতুর, ভক্তগণই ধন্ত, ভক্তগণই স্থপণ্ডিত, ভক্তগণই গুণবান্, ভক্তগণই স্থথী এবং ভক্তগণই নির্ভয়। তাহারাই প্রতিয়্বে স্থে জীবিত থাকুন্ এবং দর্শন, স্পর্শন ও আলাপ-দ্বারা হতভাগ্য জনকে কৃতার্থ করুন।

- (২৩) এবমগ্রচ্চ রহস্যং কিঞ্চির্গরামি। শ্রীকৃষ্ণতৈতগ্যপ্রভুণা শ্রীনিত্যানন্দেনাবতারে সংহ্রতে মহান্ প্রলয়ো
 ভবিশ্বতি। দেবতা নিগ্রহৈ রাজনিগ্রহৈঃ প্রজা তুর্গতা
 ভবিশ্বতি। বৈষ্ণবাঃ সর্বর এব মহান্তো দিনে দিনে ঈশ্বরসঙ্গমে
 চলিতাঃ। কেচিৎ কেচিদেব স্থাস্থান্তি, তেহিপ নিজপ্রভাবং
 সংহরিশ্বতি। কেবলমন্তঃপ্রীতিমেব নিগৃঢ়ং প্রেম কদাচিৎ
 কদাচিদেব বোধয়িশ্বতি। ততু মহন্তিরপি বোদ্ধুং ন
 শক্যতে। হরিকীর্ত্তনঞ্চ বিরলপ্রচারং ভবিশ্বতি। সৎসঙ্গশ্বত বিরলঃ। ঈশ্বরসেবা চ মন্দং মন্দং স্থাৎ।
- (১৪) তথাচ কর্মধর্ম-সাপেক্ষভক্তঃ, কর্মধর্ম-নিরপেক্ষ-পরুষোগী, তথা অপরুষোগী, তত্তদ্বেশধারী চ,—এতেন

⁽১৩) এইরূপ আরও কিছু গুপ্তকথা বর্ণন করিতেছি। মহাপ্রভু শ্রীরুষ্ণ চৈত্যদেব ও শ্রীনিত্যানন্দ প্রভু অবতারলীলা সংগোপন করিলে মহাপ্রলয় উপস্থিত হইবে। দেবগণের ও রাজবর্গের নিগ্রহে সকল প্রজা তুর্দ্দশাগ্রস্ত হইবে। সকল মহান্ত বৈষ্ণবর্গণ দিনে দিনে ঈশ্বরের সঙ্গপ্রাপ্তির জন্য ভগবদ্ধামে চলিতে থাকিবেন। কেহ কেহ থাকিবেন, তাঁহারাও নিজের প্রভাব সঙ্কুচিত করিবেন; কেবল (তাঁহাদের) আন্তরিক অন্তরাগ নিগৃঢ় প্রেমই কখনও কখনও প্রকাশ করিবেন। তাহা বিখ্যাত পণ্ডিতবর্গও বুঝিতে অসমর্থ হইবেন। হরিকীর্তনের প্রচার অল্ল হইয়া যাইবে, সৎসঙ্গও একান্ত বিরল হইবে। ভগবানের সেবাও অল্ল অল্ল হইতে থাকিবে।

⁽১) দেব (এঃ); (২) (ভঃ) পুস্তকে নাই; (৩) সঙ্গমণ্চ (এঃ); (৪) তদ্বেশধারী (এঃ)

চতুর্ধ। ভেদেন গ্রহণং স্থাৎ। তদৈতেন ভক্তিবর্ত্মনি (চন্দ্র-) প্রকাশে কলঙ্কং দৃষ্টা মহান্তঃ কেবলং কিঞ্চিদিপি নিগ্রহানুগ্রহং কর্ত্তু মসমর্থা মূর্চ্ছিতা ভবিষ্যন্তি। কিন্তুত্র* সার্বভৌমং প্রতি কথাপ্রশোত্তরে যৎ প্রভুণা শ্রীকৃষ্ণচৈতন্তোন কথিতমান্তে, তদেব কথয়ামি।

কে কম ধম পরো বৈষ্ণবঃ সেবাকীর্ত্তন-ব্যবহারাদিকং সর্বং করোত্যেব। নিরপেক্ষোহপি কর্মধর্মসাপেক্ষঃ। কর্মকাণ্ডে নিত্যনৈমিত্তিকে (কর্মণি) উপসন্নে কৃষ্ণকার্য্যবাধেহপি তদেব করোতি, অতএব (কৃষ্ণ-) কর্ম নিরপেক্ষো ন ভবতি। কর্মণ্যেব নিস্তারহেতুকাত্মভাবাৎ কৃষ্ণকর্মণ্যাত্মভাবো ন

⁽১৪) জারও, কর্মধর্মসাপেক্ষভক্ত (বাঁহারা বৈদিককর্মকে স্বধর্ম বিচার করিয়া তাহার প্রাধান্তে আস্থাবান্, অথচ ভক্তির আচার স্বীকার করেন), কর্মধর্মনিরপেক্ষ ভক্ত (বাঁহারা বৈদিক কর্মের অপেক্ষা না করিয়া কেবল ভক্তিস্থখাভিলাষী), অপক্যোগী (যিনি একান্তভাবে শ্রীরাধাক্ষকের প্রেমে পূর্ণাধিকার পা'ন নাই) ও তত্তদ্বেষধারী (সেই সেই মহতের অন্তকরণে কেবল বাহুবেশ ধারণকারী),—এই চারি প্রকার ভেদে ভগবদ্যক্তের গ্রহণ হইতে পারে। তৎকালে ইহার দ্বারা (শেষোক্ত প্রকার বেশধারী ছলভক্ত-দ্বারা) ভক্তিপথরূপ-চন্দ্রপ্রকাশে কলঙ্ক দেখিয়া মহাজনবর্গ কেবল কিয়ৎপরিমাণে শাসন ও প্রসাদ-দানে অসমর্থ হইয়া মোহগ্রস্ত-প্রায় থাকিবেন। কিন্তু, এই বিষয়ে সার্ব্যভৌমের প্রতি কথা-প্রশ্নোত্তরে মহাপ্রভু শ্রীক্রফ্টেতত্যদেব যাহা বলিয়াছিলেন, তাহাই বলিতেছি।

^{* &#}x27;'কিন্তুত্ৰ----কথয়াম।''—বাক্যটা (ভঃ) পুন্তকে নাই।

জারতে। কৃষ্ণস্থতঃথে সমবর্তিলোকেয়ু কর্মধর্মাদিকমেব গ্রাহয়তি । বৈদিকশ্চেনিরপেক্ষমবৈদিকং প্রক্রোগিনং গর্হয়তি । লোকানাঞ্চ বুদ্ধিং নাশয়তি । লোকাশ্চ ধার্মিক-বৈষ্ণবানাং বচনং মান্যমিতি বুদ্ধা৷ মুছন্তি । নিরপেক্ষপর্ক-যোগিয়ু লঘুবুদ্ধয়ো বিতর্কং কুত্বা নশ্যন্তি । অতোহস্ম ক্লমং জাতুং ন শক্যতে। তস্মাদয়মেব বৈষ্ণবাে মহানিতি ব্যবহারাদিভির্মন্তব্যঃ, ন তু মহন্তিঃ পরমহংসভূতৈঃ।

কে) যে বৈষ্ণৱ কর্ম্মধর্মে নিষ্ঠাবান্, তিনি ভগবৎসেবা, নামকীর্ত্তন্ন, বৈষ্ণবোচিত ব্যবহারাদি সকলই করেন, নিরপেক্ষ হইলেও কর্ম্মকাণ্ডীয় ধর্মে অপেক্ষাবিশিষ্ট। নিত্য বা নৈমিত্তিক কর্ম্মকাণ্ড উপস্থিত হইলে ক্ষেত্র কার্য্যের ব্যাঘাতেও তাহাই করেন, অতএব কর্ম্মকাণ্ডনিরপেক্ষ হইতে পারেন না। কর্মেই নিস্তারের হেতু-বুদ্ধিতে আত্মভাব (বা অমুরাগ) থাকায় ক্ষণেস্বাকর্মে তাঁহার আত্মভাব (বা অমুরাগ) হয় না; ক্ষণ্ডের স্থথে তুঃথে সমভাববিশিষ্টগণকে (উদাসীনগণকে) কর্ম্মধর্মাদিই গ্রহণ করাইয়া থাকেন। আবার, যদি তিনি বেদবিহিত কর্ম্মনিষ্ঠ হন, তবে তিনি বেদাতীত নিরপেক্ষ পক্ষযোগীকে নিন্দা করেন, সাধারণ লোকের বৃদ্ধি নাশ করেন। লোকেরাও 'স্বধর্মপরায়ণ বৈষ্ণবর্গণের বচন মাননীয়'— এই বৃঝিয়া মুগ্ধ হয়। উদাসীন পক্ক-যোগিগণের প্রতি হীনবৃদ্ধিবিশিষ্ট্রগণ সন্দেহ করিয়া নাশ-প্রাপ্ত হয়; অতএব পক্ষযোগীর অন্তর জানিতে পারে না। সেইহেতু ইনিই (কর্ম্মনিষ্ঠই) মহা-বৈষ্ণব, এইরূপ ব্যবহারিক-জনগণ মনে করিতে পারে। কিন্তু, পরমহংস মহাজনগণ তাদৃশ বিচার

⁽১) গ্রাহরিয়তি (ভঃ)

- (খ) (১) কর্মনিরপেক্ষঃ কুষ্ণসাপেক্ষঃ প্রুযোগী তু মহিছিঃ সর্বৈরেব প্রমহংসভূতৈঃ পূজ্যতে, সাধুবাদঃ ক্রিয়তে থ আত্মভাবশ্চ যথা কুষ্ণে তথা ক্রিয়তে। তুস্মাৎ কর্মসাপেক্ষঃ প্রাকৃতেষু মহান্, কুষ্ণসাপেক্ষঃ সাধুষু মহানিতি।
- (২) পর্কযোগিনশ্চরিত্রং শ্রুরতাম্। কর্মধর্মাদিকং ন জানাতি, প্রীক্ষারস-যশোরাশি-ওবিলাসবিনোদ-ভাবকলা-ভাবনাতিমগ্রহৃদয়ঃ কেবলং মধুপানমত্ত ইব বিস্মৃত ইব। কর্মধর্মাদিকং হৃদয়ে তস্থান প্রবিশতি। নিরন্তরং কৃষ্ণচরিতং গায়তি, শৃণোতি, ধ্যায়তি, নৃত্যতি। আত্মভাবাৎ প্রেম-গাস্তীর্য্যোন্মাদাশ্রুপুলক-কম্পমূর্চ্ছা-সিংহনাদ-হাস্থরোদন-চিত্ত-প্রসাদ-শোকনির্মলসকলজনপ্রীতির্নিরন্তরং কৃষ্ণসংসারনির্বাহা-দিভিরানন্দময়বিগ্রহঃ কদাচিদাত্মানমপি^৪ ন জানাতি। কিমন্তবা ক্রমঃ।
- (খ) (১) কিন্তু, কর্ম্মে উদাসীন, ক্লেঞ্চ তৎপর পক্ষােগা সকল পরমহংস-কর্তৃক পূজিত হন। যেরূপ ক্লেগ্র প্রতি তদ্ধেপ (তাঁহাতে) আপনভাবও করা হয়। অতএব, কর্ম্মাপেক্ষ ব্যক্তি প্রাকৃত জনসাধারণের মধ্যে মহান্ এবং কৃষ্ণসাপেক্ষ পক্ষােগা সাধুগণের মধ্যে মহান্।
- (২) পক্ষোগীর চরিত্র শ্রবণ করুন। তাঁহার হৃদয় শ্রীকৃষ্ণের প্রতি অমুরাগ, তাঁহার যশঃ, বিলাস, বিনোদ, ভাব ও কলা প্রভৃতিতে অতীব নিমগ্ন বলিয়া কেবল মত্যপানে উন্মত্তের স্থায় এবং আত্মবিশ্বতের স্থায়

⁽১) (ভঃ) পুস্তকে নাই; (২) 'সাধুবাদঃ ক্রিয়তে' (শ্রীঃ) পুস্তকে নাই;

⁽৩) রাণি- (়ীঃ) পুস্তকে নাই; (৪) আত্মানমেব (খ্রীঃ)

(গ) তথা নিরপেক্ষভক্তজন ঈদৃশভক্তিমানপি তদ্গুণানুসারেণ সকলং কর্ম করোতি। কদাচিৎ* তৎস্থমপি
লভতে। কিন্তু, দৃষ্টান্তেন কর্ম করোতি, তচ্ছক্তিমান্ ন
ভবতি। অতঃ স্থথে পতন্ বিভেতি, তুংথে পতন্ন দিজতেই,
প্রেমপ্রাগল্ভ্যঞ্চন লভতে। কদাচিদ্ দম্পতিভাবাবিষ্টমতির্বিষয়ে পততি, তামাকর্ষিতুং ন শক্রোতি, অতস্তদাসক্তিঞ্চলতে। আসক্তম্য কদাচিৎ পথঃ খ্যলনং স্থাৎ। এতদেবাপক্ষযোগিনাং মহতী ক্ষতিঃ স্থাৎ। কিন্তু, খ্যলিতম্থাপি
কালান্তরে সৈব ভক্তিঃ সমুদেতি। তচ্চ প্রভোগ্ড নিবৈভবাৎ
স্থানাহতাং দর্শনাৎ। পশ্য পশ্য, যথা যম্ম ক্ষুধাশক্তিস্থদনুক্রপভোজনং পথাং চ ম্থাৎ, বলঞ্চ বিদ্যাতি, শ্রারঞ্চ
পুঞাতি। অন্যথাল্লক্ষ্পায়াং বহুতরক্ষুধাবতাং ভোজনসম-

তিনি কর্মধর্মাদি (কিছুই) জানেন না। তাঁহার হৃদয়ে কর্ম-ধর্ম প্রভৃতি প্রবেশ করে না। তিনি নিরন্তর রুঞ্চরিত গান করেন, শ্রবণ করেন, ধ্যান করেন এবং নৃত্য করেন। শ্রীক্বঞ্চে আত্মভাব-হেতু অর্থাৎ গাঢ়াতুরাগ ধাকায় (সেই পক্ষোগীর) প্রেম-গান্তীয়্য, উন্মাদ, অশ্রু, পুলক, কম্প, মূর্চ্ছা, সিংহনাদ, হাস্থ্য, রোদন, চিত্তের প্রসন্মতা, (রুঞ্চবিরহ-জনিত) শোক ও নির্মাল সর্বজন-প্রীতি হয়। সর্বাদা রুফের সংসার-পরিচালনাদিদারা আনন্দময় দেহে কখনও বা নিজকে ভুলিয়া য়ান। অধিক আর কি বলিব?

⁽১) 'পতন্ বিভেতি' (ভঃ) ; * "কদাচিৎ দম্পতি- ···· পথ্যং চ স্থাৎ।" —ইহা (ভঃ) পুস্তকে নাই।

ভোজনে কশ্চিদ্বুধো জনঃ সামর্থ্যং ন লভতে। তস্মাৎ তদ্দেহমপি নিরন্তরং ভিক্তিযোগমিব নিজং বোচুং ন শক্তঃ। তস্মাদপকযোগী দিনে দিনে ভক্তিবিধ্বংসাৎ বিষয়রসলালসা-লক্ষণীয়ঃ।

(গ) সেইরূপ (কর্মধর্মে) উদাসীন ভক্তজন এইরূপ ভক্তিমান্ হইয়াও তাঁহার (পক্ষোগীর) গুণের অনুসরণে সেই সকল কর্ম্ম করিয়া থাকেন। কখনও সেই আনন্দ লাভ করেন। কিন্ত, (পক্যোগীর) দৃষ্টান্তানুসারে কর্ম করেন, (অথচ) সেই শক্তিবিশিষ্ট হন না। অতএব, স্থথে পড়িয়াও ভীত হন, ছঃথে পড়িয়াও উদ্বিগ্ন হন এবং ভগবৎপ্রীতিতে পরিপকতা (দৃঢ়তা) লাভ করিতে পারেন না। কখনও বা (তাঁহার) পতি-পত্নীভাবে আবিষ্ট-বুদ্ধি (মন) বিষয়ে ধাবিত হয়, (তাহাকে) মনকে (বিষয় হইতে) আকর্ষণ করিতে পারেন না; অতএব, তাহাতেই আসক্তি লাভ করেন। (তাদৃশ) বিষয়াসক্তের কথনও (ভক্তি-) মার্গ হইতে খ্রলন হয়। ইহাই অপক্যোগীদের মহাক্ষতি। কিন্তু, স্থালিত জনেরও সময়-ক্রমে সেই ভক্তিই সমুদিত হয়। তাহাও প্রভু শ্রীক্লফের গুণবৈভব হইতে (এবং) মহতের দর্শন হইতেই হয়। দেখুন, দেখুন, যাহার যতটুকু কুধার বল, তাহার পক্ষে তদন্তরপ ভোজনই হিতকর হয়; (তাহা) বল উৎপাদন করে এবং (দেহের) শোভা বর্দ্ধন করে। অগ্রথা, অল্ল ক্ষুধায় অধিকতর ক্ষুধাগ্রস্ত জনের ভোজনের সমান ভোজন করিলে কোনও বিজ্ঞজন সামর্থ্য লাভ করেন না। ফলে, (তিনি) ভক্তিযোগের ভায় সেই নিজ দেহকেও নিরন্তর বহন করিতে পারেন না। অতএব, দিনে দিনে ভক্তিনাশহেতু বিষয়রসম্পৃহা-দর্শনে অপক্যোগীকে চিনিতে হইবে।

⁽১) চিরন্তনং (এঃ)

(ঘ) (১) তথাচ, পক্ষোগিদ্টান্তেন কেচিদ্নেশ্বারিণঃ কৃষ্ণভক্তিনিদর্শনমাত্রং, হরিকীর্ত্তনকপটেন নানাস্থ-বিলাসং, পক্ষযোগিপ্রায়ং স্বেচ্ছাবিহারং প্রকটয়ন্তঃ সর্বান্ প্রাকৃতজনান্ ভ্রাময়ন্তি। কিন্তু, যেনৈব কপটস্থ্যবিলাস-বিনোদেন লোকান্ ভ্রাময়ন্তি তেনৈব বিলাসাদিবিশেষেণ তানেব বেশ্বারিণো গ্রসন্তিই। নিরন্তরং তেনৈব বিষয়নরসেন বিষয়িণামপি বিষয়িণো ভবন্তি; বৈষ্ণবাভিজাত্যেন তেযামন্তিকং ন গচ্ছন্তি; কুগ্রামবাসিনাং প্রাকৃতানা-মেবাশ্রমং ভজন্তে, প্রাকৃতজনানামেব সঙ্গং কুর্বান্ত। কদাচিৎ কৃষ্ণগুণমহিন্তা বিনৈবানুরাগেণ পুলক-প্রেমাদিকং বাছরসেন নর্ত্রকানামিব জায়তে। তদপি দিনে দিনে বিনাশং যাস্থাতি। বৈষ্ণবানাঞ্জ তে গহিতা ভবিশ্বন্তি।

⁽ঘ) (১) আরও, পক্ষেণীর দৃষ্টান্তে (অনুকরণকারী) কতকগুলি বেষধারী ব্যক্তি কৃষ্ণভক্তির বাহুচিহ্নমাত্র, হরিকার্ত্তনের ছলে নানাবিধ স্থুখনন্তোগ, পক্ষেণীর স্থায় স্বেচ্ছা-বিহার প্রকটিত করিয়া প্রাক্তত জনগণকে ভ্রান্ত করে। কিন্তু (তাহারা) যে সকল কপট, স্থুখনন্তোগ ও আমোদের দ্বারা লোকদিগকে ভুলায়, সেই সকল বিলাস-বিশেষই সেই বেশধারিগণকে গ্রাম করে। সর্কাদা সেই বিষয়রসের দ্বারাই সাধারণ বিষয়ী অপেক্ষাও অধিকতর বিষয়ী হইয়া পড়ে; উত্তম বৈষ্ণবাভিমানে তাঁহাদের নিকটে যায় না; হীন গ্রামবাসী, প্রাকৃত (গ্রাম্য) লোকের

⁽১) হরিকীর্ত্তন-প্রকটেন (ভঃ); (২) গ্রাহরিয়ন্তি (ভঃ); (৩) আশ্রয়ং (ভঃ)

তস্মাদ্ বৈষ্ণবসঙ্গালাপাদিবিমুখানাং যানি সঙ্গান্তরাণি তানি বিষ্ণুভক্তদূষণানি। এতেন বাহ্নভূষণভূষিতা অপি গতশ্রীকাঃ সৎসঙ্গহীনাঃ সবৈরেব দূষণীয়াঃ সবৈরেব লক্ষিতব্যাঃ। ইতি পরীক্ষা।

(২) এতেন তু কেবলং যে চতুরা গভীরভাগবতাস্তে তামেব প্রীতিমন্বেষয়ন্তো লোকে চ সর্বং বোধয়িয়ান্তি। তস্থা এব প্রেমারন্তঃ স্ফুটমস্ত্যেব। তস্মাদবতারে সংহ্রত ইতি চিত্তদৌর্বলাং ত্যক্তমুর্মইন্তি। যতঃ প্রীকৃষণটৈতন্যচন্দ্রঃ প্রীতিপ্রেমবিগ্রহঃ; যদি প্রীতিপ্রেমা ইহার্পিতস্তর্হি অবতারেশভক্তিরপ্যস্তিই।

গৃহ আশ্রয় করে এবং তাহাদেরই সঙ্গ করে। কথনও ক্লঞ্চের গুণ ও মহিমাজনিত প্রেম ব্যতীতই প্রাক্তরসে নর্ত্তকদিগের গ্রায় (তাহাদের শরীরে) পূলক ও ভাবপ্রভৃতি প্রকাশ পায়। (পরে) তাহাও (অর্থাৎ ক্রিম ভাবপ্রকাশ) দিন দিন লোপ পায়। তাহারা বৈষ্ণবগণের নিন্দাভাজন হয়। অতএব, বিশুদ্ধ বৈষ্ণবগণের সঙ্গ ও আলাপাদিতে বিমুখ ব্যক্তিগণের যে অপর প্রাক্তব-সঙ্গ, তাহা বৈষ্ণবের পক্ষে দোষজনক। এই কারণে (তাহারা) বাহ্ ভূষণে ভূষিত হইলেও শ্রীহীন, সৎসঙ্গহীন, সকলের নিন্দনীয়রূপে, (তাহাদিগকে) সকলেরই লক্ষ্য করা উচিত। এই প্রকারে (ভক্তভেদ) পরীক্ষা।

⁽১) ''দূষণীয়াঃ দবৈ রেব''—(ভঃ) পুস্তকে নাই। (२) অবতারে স্প্যম্ভোব (ভঃ)

- (৩) তথাচাঙ্গসন্ধিনো মহান্তঃ কেবলমেতৎ কারণমুদ্দিশ্যৈব সর্বপ্রাণিনিস্তারেহত্র যিনঃসীমত্যুখং তদ্বিরহজং
 মরণাদপ্যধিকং ক্লেশেন সহমানা অপি ইরিকীর্ত্তনং হরিসেবাং
 সৎসঙ্গং মহাজনপূজাং সর্বেষু প্রীতিং প্রেমাণঞ্চ বোধয়ন্তঃ
 কেবলং ধরণীমগুলে নিজপ্রভোর্যশোরাশি-বিলাসবিনোদকলাঞ্চ কালে কালে উৎসন্নামেব স্বয়ং মৃতঃ শ্বসন্নিব নিজদৈহিকস্থখং বক্লো নিজিপ্য স্থাপয়িয়ান্তি। তথাহি,—
- (২) এই হেতু, যাঁহারা নিপুণ গন্তীরস্বভাব ভাগবত, কেবল তাঁহারা সেই বিশুদ্ধা প্রীতির অন্বেষণপূর্ব্বক জগতে সকলকে শিক্ষা দিবেন। সেই প্রীতি হইতেই প্রেমের স্পষ্ট আরম্ভ হইবে। অতএব (শ্রীচৈতন্ত ও শ্রীনিত্যানন্দের) অবতারলীলা সংহত হইল বলিয়া যে, চিত্তের ত্ব্বলতা তাহা ত্যাগ করা উচিত। যেহেতু শ্রীকৃষ্ণচৈতন্তচক্র দয়া ও প্রেমের মূর্ত্তি; যদি ইহাতে আনন্দভরে প্রেম অপিত হয়, তাহা হইলে সকল ভগবদ-বতারের প্রভু (অবতারী) শ্রীকৃষ্ণেও ভক্তি (প্রেম) হয়।
- (৩) আরও, ভগবানের নিত্যপরিকর মহাজনবর্গ কেবল এই হেতুকে উদ্দেশ করিয়াই সর্বজীবের পরিত্রাণের নিমিত্ত এই জগতে মরণ অপেক্ষাও অধিকতর, ভগবানের বিরহজনিত যে অনন্ত ছঃখ (তাহা) ক্লেশের সহিত সহু করেন। তাঁহারা হরিকীর্ত্তন, হরিসেবা, সৎসঙ্গ, মহাজনের পূজা, সকল জীবের প্রতি প্রীতি ও ভগবচ্চরণে অকপট প্রেম-শিক্ষা দানপূর্ব্বক স্থায় দৈহিক স্থথকে অগ্নিতে আহুতি দিয়া মৃতের পুনর্জীবনের স্থায় কালে কালে বিনষ্ট নিজপ্রভুর (প্রীক্রম্ণের) যশোরাশি, বিলাস, বিনোদ-কলা সমগ্র পৃথিবীতে কেবল স্থাপন করিবেন।

⁽১) 'সহমানা অপি' হলে 'সহন্তে।' (এঃ)

স্বত্বঃখৈঃ পরত্বঃখানি নাশয়ন্তি মহাজনাঃ।
পরার্থ এব সাধূনাং বিভূতির্জীবনং স্থখন্ ॥ ২৯॥
তথা চ শ্রীমন্তাগবতে (১০।৪৮।৩০)—
ভবদিধা মহাভাগা নিষেব্যা অর্হসন্তমাঃ।
শ্রেয়স্কামৈন্ ভির্নিভ্যং দেবাঃ স্বার্থা ন সাধবঃ॥ ৩০॥

ত্যঃ

ত্যথদ্বারা অর্থাৎ আপনারা ক্রেশ সহ্য করিয়াও) পরছঃখানি (পরের কণ্ঠসকল) নাশয়ন্তি (মোচন করিয়া থাকেন)। [কারণ] পরার্থে এব (পরের জন্তই) সাধূনাং (সজ্জনবর্গের) বিভৃতিঃ (ঐশ্বর্যা), জীবনং (প্রাণ) স্থেম্ (ও আনন্দ)।

অনু: —২৯। মহাজনগণ নিজ তুঃখ-দ্বারা (অর্থাৎ নিজে তুঃখ বরণ করিয়াও) পরের তুঃখ মোচন করেন। (কারণ), পরার্থে ই সাধুগণের ধন, প্রাণ ও স্থথ।

শ্রীমন্তাগবতেও আছে, যথা—

তঃ—৩০। শ্রেরস্থানৈঃ (ভক্তিরূপ নিত্যমঙ্গলাকাজ্জী) নৃভিঃ (মনুষ্যগণের) ভবদ্বিধাঃ (আপনাদের তুল্য) অর্হসন্তমাঃ (পূজ্যতম সজ্জনশ্রেষ্ঠ) মহাভাগাঃ (মহাজনবর্গ) নিত্যং (নিরন্তর) নিষেব্যাঃ (সেবনীয়); দেবাঃ (দেবগণ) স্বার্থাঃ (স্বার্থপর), [কিন্ত], ন সাধবঃ (সাধুগণ সেরূপ নহেন, অর্থাৎ তাঁহারা পরার্থে তৎপর)।

অনুঃ—৩০। শ্রেরস্কামী মনুষ্যগণ আপনাদের তুল্য পূজ্যতম সজ্জনশ্রেষ্ঠ মহাজনগণকে সর্বদা সেবা করিবে। দেবতারা স্বার্থপর, (কিন্তু,) সাধুগণ তাহা নহেন। (৪) তম্মাৎ সর্বে সাবধানা যত্র যত্র প্রীতিলালসা, যত্র যত্র কৃষ্ণকথাপ্রসঙ্গো, যত্র যত্র হরিকীর্ত্তনং, যত্র যত্র হরিয়শোবর্ণনে শুশ্রুমা, যত্র যত্র কৃষ্ণস্থ চ প্রসঙ্গে বৈষ্ণবে সাধুবাদঃ, তত্রৈব তৎপরা ভবন্ত, সর্বত্র প্রীতিং কুর্বন্ত । তদেব দিনে দিনে সর্ব-স্থ্যসম্পন্নং ভবিষ্যতি। কেবলং প্রীতিঃ প্রেমব প্রভারম্ত্রম্। তদ্ যদি সমুদেতি, তদা সবেহস্থানোহপিও স্থানো ভবন্তি, গোচিতুং নাইন্তি।

শাখাসহত্রং বেদেইশ্মিন্ নৈকশাখা প্রভাঃ প্রিয়া। সৎফলং প্রীতিরেবাস্থ ততঃ কিং নাস্তি ভূতলে॥ ৩১॥

(৪) অতএব সকলে সাবধান হইয়া যে যে স্থানে ভগবদমুরাগে লোভ, যে যে স্থানে কৃষ্ণকথার প্রসন্ধ, যে যে স্থানে শ্রীহরির (বিশুদ্ধ) কীর্ত্তন, যে যে স্থানে শ্রীকৃষ্ণের নাম, গুণ, লীলাদি-বর্ণনের শ্রবণেচ্ছা, যে যে স্থানে শ্রীকৃষ্ণ ও তদ্ভক্তগণের প্রশংসা, সেই সেই স্থানেই [মিলিত হইতে] আগ্রহবিশিষ্ট হউন, সকল স্থানে প্রীতি করুন। তাহাই দিনে দিনে সর্ব্বথা স্থাসিদ্ধ হইবে। প্রীতি ও প্রেমই প্রভুর একমাত্র অস্ত্র। তাহা যদি স্থানে সমুদিত হয়, তাহা হইলে সকলেই স্থা হন এবং তাঁহাদিগকে (আর) শোক করিতে হয় না।

ত্রঃ—৩১। অস্মিন্ বেদে (এই বেদশাস্ত্রে) শাখাসহস্রম্ (সহস্র শাখা আছে), [তাহাদের মধ্যে] একশাখা (একটা শাখাও) প্রভোঃ

⁽১) 'কৃষণ্ড চ প্রসঙ্গে' স্থলে 'চ কৃষ্ণ-' (ভঃ, জীঃ) ; (২) স্থসপারং (ভঃ, জীঃ) ;

⁽৩) অস্থিনো পি (ভঃ, এঃ) পুস্তকে নাই।

প্রীতিঃ প্রার্থ্যা সভামত্রে প্রীতিঃ প্রার্থ্যা মহাজনে। প্রীতিরারোপণীয়া স্বে ছদি প্রীতিং নিবোধয়'॥ ৩২॥ জগদ্ধনং কৃষ্ণ এব বৈষ্ণবাস্তত্বপাধিকাঃ। প্রেমপ্রীভিস্তভোহপ্যগ্র্যা পরং প্রীতেন কিঞ্চন॥ ৩৩॥

(প্রভুর) ন প্রিয়া (প্রিয় নহে)। প্রীতিঃ এব (প্রেমই) অস্তা (এই বেদের) সংফলম্ (উৎকৃষ্ট ফল)। ততঃ (তাহা অপেক্ষা) [উৎকৃষ্ট] ভূতলে (পৃথিবীতে) কিম্ (কিছুই) নাস্তি (নাই)। (অঃ—৩১)

অঃ—৩২। সতাম্ (সাধুগণের) অগ্রে (সমীপে) প্রীতিঃ (প্রীতি) প্রার্থা। (প্রার্থনা করিবে), মহাজনে (মহাজনের প্রতি) প্রীতিঃ (প্রেম) প্রার্থা। (প্রার্থনা করিবে), স্বে হাদি (নিজহাদয়ে) প্রীতিঃ (অনুরাগ) আরোপণীয়া (রোপণ করিবে), প্রীতিম্ (প্রণয়ের বিষয়) [অপরকে] নিবোধয় (উপদেশ দিবে)।

আঃ—৩৩। ক্লফঃ এব (প্রীক্লফই) জগদ্ধনম্ (পৃথিবীর ধন), বৈষ্ণবাঃ (বৈষ্ণববর্গ) ততুপাধিকাঃ (সেই ধন অপেক্ষা কিছু অধিক)। ততঃ অপি (তাঁহাদের অপেক্ষাও) প্রেম-প্রীতিঃ (গাঢ় অনুরাগ) অগ্রা। (শ্রেষ্ঠা); প্রীতেঃ (প্রণয় অপেক্ষা) পরং (শ্রেষ্ঠ) ন কিঞ্চন (কিছুই নাই)।

অন্তঃ – ৩১। এই বেদে সহস্র শাখা আছে। (কিন্তু, তন্মধ্যে) একটা শাখা (ও) প্রভুর প্রিয় নহে। প্রীতিই এই বেদশাস্ত্রের উত্তম ও নিত্য ফল। তাহা অপেক্ষা উৎকৃষ্ট ভূতলে (আর) কিছুই নাই।

⁽১) नित्त्रांध्य (७:)

অরুণাস্থোজচরণে শ্রীচৈতন্যমহাপ্রভোঃ।
মনোবাক্কায়জং প্রেম বদ্ধ তাং মে দিনে দিনে ॥ ৩৪ ॥
বৈক্ষবে প্রীতিরাস্তাং মে প্রীতিরাস্তাং প্রভোগ্র ণে।
সেবায়াং প্রীতিরাস্তাং মে প্রীতিরার্ত্তিশ্চ কীর্ত্তনে ॥ ৩৫ ॥
আশ্রিতে প্রীতিরাস্তাং মে প্রীতিশচ ভজনোমুখে।
আত্রনি প্রীতিরাস্তাং মে কৃষ্ণে ভক্তির্যথাই ভবেৎ ॥ ৩৬ ॥

ইতি শ্রীমন্পরহরি-সরকারঠক্কুর-বিরচিতং শ্রীকৃষ্ণভজনামৃতং সম্পূর্ণম্ *।

ত্যঃ—৩৪। শ্রীচৈতগ্রমহাপ্রভোঃ (মহাপ্রভু শ্রীকৃষ্ণ চৈতগ্রদেবের)
অরুণান্তোজচরণে (রক্তপদ্মতুল্য চরণযুগলে) দিনে দিনে (প্রতিদিন)
মে (আমার) মনোবাক্কায়জং প্রেম (মানসিক, দৈহিক ও বাচনিক
প্রীতি) বর্দ্ধতাম্ (বৃদ্ধিপ্রাপ্ত হউক্)।

⁽১) কৃষ্ণভক্তির্যপা (এঃ); * 'ইতি শ্রীমন্নরহরিমুখোদিতং শ্রীকৃষ্ণভক্তনামৃতং সমাপ্তম্' (মীঃ)

আত্মবস্ত জীবের প্রতি) মে (আমার) প্রীতিঃ (প্রীতি) আস্তাম্ (থাকুক্)—যথা (যাহাতে) মে (আমার) রুষ্ণভক্তিঃ (প্রীকৃষ্ণ-সেবায় অমুরাগ) ভবেৎ (লম্ভ্য হয়)। (অঃ—৩৫-৩৬)

অন্তঃ—৩২। সাধুগণের নিকটে প্রীতি প্রার্থনীয়; মহাজনের প্রতি প্রীতি প্রার্থনীয়; নিজ হৃদয়ে প্রীতি রোপণীয়; (অপরকে) প্রীতি উপদেশ কর।

অনুঃ—৩৩। শ্রীকৃষ্ণই জগতের ধন; বৈষ্ণবগণ সেই ধন অপেক্ষা কিছু অধিক; তাঁহাদের অপেক্ষাও প্রেমগ্রীতি শ্রেষ্ঠ; প্রীতি অপেক্ষা শ্রেষ্ঠ (আর) কিছুই নাই।

অনুঃ—৩৪। শ্রীচৈতন্য-মহাপ্রভুর রক্তপদ্মসদৃশ শ্রীচরণে আমার শারীরিক, মানসিক ও বাচনিক প্রীতি প্রতিদিন বৃদ্ধি-প্রাপ্ত হউক্।

অনুগ্লতে আমার প্রতি রহুক্, প্রীমন্মহাপ্রভুর (ভক্তবাৎসল্যাদি) গুণে আমার প্রতি রহুক্, (ভগবানের)
সেবায় আমার প্রতি রহুক্ এবং কর্তিনে আমার প্রতি ও আর্ত্তি
রহুক্। আশ্রিত-জনে (বা আশ্রয়-বিগ্রহে) আমার প্রতি
থাকুক্, ভজনোন্মুখ ব্যক্তিতে আমার প্রতি থাকুক্, নিজচেতনস্বরূপে বা জীবে আমার প্রতি থাকুক্—যাহাতে (যাহার ফলে)
আমার কৃষ্ণভক্তি লভ্য হয়।

ইতি শ্রীমন্নরহরি-সরকারঠাকুর-বিরচিত "শ্রীকৃঞ্চভজনামৃত" সমাপ্ত। অনপিতচরীং চিরাৎ করুণয়াবতীর্ণঃ কলো সমর্পয়িতুমুন্নতোজ্জ্বলরসাং স্বভক্তিশ্রিয়ম্। হরিঃ পুর্বস্থাতকদস্থ-সন্দীপিতঃ সদা হৃদয়কন্দরে স্ফুরতু বং শচীনন্দনঃ॥

(প্রীবিদগ্ধমাধবম্—১অঃ, ২ শ্লোঃ)

পরিশিষ্ট

শ্রীব্রজমণ্ডলস্থ-লিপির পাঠভেদ

পৃষ্ঠা	পংক্তি	মুদ্রিত পুস্তকের পাঠ	লিপির পাঠ
ь	2	শ্ৰুতিঃ প্ৰসিদ্ধৈৰ	শুতিপ্রসিদ্ধমেব
	9	জাতব্যঃ	ধ্যাতব্যঃ
	>	জ্ঞাতব্যাঃ	ধ্যাতব্যাঃ
2	9	ভূষণৈব	ভূষণরূপা
22	e	জ্ঞাতবন্তঃ	জ্ঞানবন্তঃ
38	2	কিম্	বলম্
	8	দেয়ম্	म्छ्र†९
	e	গুরুষ্	তদেবং গুরুষ্
		হেলা	হেলা কৰ্ত্তব্যা
	.	পিতরি	পিত্রে
	>	গুরুরেব	কৃতায়াং গুরুরেব
26	•	গর্হয়ন্তি	কৃথৈব গৰ্হয়ন্তি
	9	मश् ष्ठिः	মহডিজ্ঞ নিভিধা
	ъ	কলঙ্কে	কলঙ্কং শ্ৰুত্বা
	8	স্ব্দ্যা	হবুদ্ধ্যা
	2.	তদ্দাস্থে	আত্মানং তদ্দাস্তে তদা
33	9	'গ্ডরোর্দণ্ডঃ"	"গুরুদগ্যঃ"
	*******	নায্যো দণ্ডো	পরিত্যাগো
: 9	3	অনেন	हे जा टनन
	3	শ্বভাবত	মভাবস্ত
	•	প্রখ্যাপনং	প্রখ্যাপনমেব
WOW H	3	স্বৃদ্ধ্যা	শুখন্তি মুবুদ্ধা

4		
¥	J	
	`	

['শ্ৰীকৃষ্ণভজনামৃত'

পৃষ্ঠা	পংক্তি	মুদ্রিত পুস্তকের পাঠ	লিপির পাঠ
		214 - 2001 11 110	1-11 14 110
39	ь	নো	চেন্ন
	>0	আহরগুরুং	অম্বগুরুং
36	2	অং	তথাচ
29	>	স্ ন্তিমারভতে	স্থিরারভতে
२०	0	সম্পত্তিকথা	সম্পত্তিঃ কথিতা
৩৬	8	मक रनि <u>क्</u> रियः	मकरेनः खीजरेनः
e o	Ŀ	মৃতঃ খদানব	মৃতাঃ শমন্ত ইব

ঢাকা বিশ্ববিদ্যালয়ে রক্ষিত বঙ্গাক্ষরে লিখিত পুঁথির (২৪৪৫ নং) পাঠভেদ

পৃষ্ঠা	পংক্তি	মুদ্রিত পুস্তকের পাঠ	পুঁথির পাঠ
9	e	অথ…বিবৃণোতি—	[এই অংশ নাই]
	9	বিমৎসরাঃ	অবিমৎসতি বা
4	2	শ্ৰুতিঃ প্ৰসিদ্ধৈব	শ্রুতিপ্রসিদ্ধৈব
	2	অ ত্ৰ	তত্ত্ব
	ъ	প্রভবান্তেইপি	প্রভবাস্তত্র
	2	ইভরে বা	ইতর এব বা
2	9	প্রধানপ্রকৃতিরেব	প্রধানভূপ্রকৃতিরেব
	e	ব্যবহর্ত্তব্যা	ব্যবহর্ত্তব্যম্
1 2 3	ъ	বীজীভূতা	বীজভূতা
30	. 5	অথ···বিবৃণোতি	[এই অংশ नारे]
	2	পূর্ব্বপকাণাং	পূর্ব্বপক্ষাণাং প্রথমতঃ ক্রমেণ

	A STATE OF THE STA		
त्रृष्ठा	পংক্তি	মুদ্রিত পুস্তকের পাঠ	পুঁ থির পাঠ
>0	9-30	তেষাং…জ্ঞানাৎ	[নাই]
20	>	বিলোকনাৎ	বিবৰ্জ্জিতা:
78 .	2	কিম্	वलम्
	ь	रेवस्थ्वानाः	देवक्षवाः
	2 2	সেবনং	वलः
30	3.	তদ্দাস্থে গণয়ন্তি	ন তদা গর্হয়ন্তি
36	•	চেন্ন।	চেন্ন, তত্ৰাপি
39	>>	ভক্তিমন্তং	শক্তিমন্তং
24	•	উদারে	উদরে
2.	8	বিমোচকৈ:	[নাই]
	e	স্বপ্রভাবশীলং	শভাব শীলম্
28	b	বাস্থদেবরূপ-বৈভবম্	वाञ्चलवक्षशी देवचवम्
२४	•	নো	वामीनाः न
	9-8	এতেনতাৎপর্য্যার্থঃ	[নাই]
	e	জানন্তি।	জানন্তি। কিমন্তবা, মতাপি
			স্বত এব জানন্তি
90	•	লম্পটঃ।	লম্পটঃ। এবং ব্রহ্মাণী
			ব্ৰহ্মণঃ ভবন্স চ ভবানীতি।
			অবতারে তু লক্ষ্মীরূপা জানকী
			ক্রন্মিণী চ রাজরাজেশ্বর-বৈভবা-
			च्यात्नन घेयत्र भव्यव्यात्री,
			তস্তাং তস্তাং ঈশরো২পি
			লম্পট:।
			Calm almohuta
92	V	শ্রেয়ঃপ্রকাশঃ	প্রিয়প্রকাশঃ

পৃষ্ঠা	পংক্তি	মুদ্রিত পুস্তকের পাঠ	পুঁথির পাঠ
86	5	ঈদৃশভক্তিমানপি	ঈশভক্তিমানপি
	2	গুণানুসারেণকরোতি	গুণানুসারেণ তদেব তদেব
		A Despite of	চরিত্রমনুকরোতি পুনরেতদেব
			কৃতং কর্ম স্বয়ং তত্ত্বন ন
	2016		জানাতি, এীকৃষ্ণসভাবঞ্চ ন
	.100		ত্যজতি। শ্রীভগবদ্গীতায়াং
			হুঃথেমনুদ্বিগ্নমনাঃ স্থথেষু
			বিগতস্পৃহ ইতি। অপক্ষোগী
			তু পক্ষোগিকশ্বানুসারেণ
			সকলং কর্ম্ম করোতি।
68	9	সরকারঠকুরবিরচিতং	সরকারঠকু রবদনবিনির্গতং

मः दशायन

৪৬ পৃঃ ২য় পং 'কদাচিৎ' এর পর তারকা (*) চিচ্ছের পরিবর্ত্তে ৫ম পংক্তিতে 'কদাচিৎ' এর পর তারকাচিহ্নটি বসিবে।

৫০ পৃঃ ৬ষ্ঠ পংক্তিতে "মৃতঃ শ্বসন্নিব" স্থলে "মৃতাঃ শ্বসন্ত ইব" হইবে।